খসড়া
বার্ষিক প্রতিবেদন
২০২০-২০২১

শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

বার্ষিক প্রতিবেদন
২০২০-২০২১

মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন
২০২০-২০২১

মহিলা বিষয়ক অধিদপ্তর

বার্ষিক প্রতিবেদন

২০২০-২০২১

সার্বিক তত্ত্বাবধান ঃ মহাপরিচালক (গ্রেড-১)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

সম্পাদনা ঃ পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটিঃ

১। কামরুন নাহার, উপপরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

২। মাহমুদা বেগম, উপপরিচালক (রেজিঃও জনসংযোগ), তথ্য কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

৩। আয়শা সিদ্দিকী, উপপরিচালক (পরিঃও মূল্যাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

৪। কামাল হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

৫। খালেদা খাতুন, বিকল্প তথ্য কর্মকর্তা (তথ্য প্রদান ইউনিট), কম্পিউটার প্রশিক্ষক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

গ্রন্থনা ঃ তথ্য প্রদান ইউনিট

প্রচ্ছদ ও ডিজাইন ঃ খালেদা খাতুন, কম্পিউটার প্রশিক্ষক
(সংযুক্তঃ বিকল্প তথ্য কর্মকর্তা)

আলোকচিত্র ঃ মোঃ আবিদ হোসেন খান, আলোকচিত্র গ্রাহক

প্রকাশকাল ঃ ২০২০-২০২১

প্রকাশনায় ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

মূদ্রণে ঃ

জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় নারীদের সম্পৃক্তকরণ ও নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিত করা সুষম উন্নয়নের একটি অপরিহার্য পূর্ব শর্ত। এ উপলব্ধি থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানে নারী ও পুরুষের সমঅধিকার নিশ্চিত করেন ও স্বাধীনতা যুদ্ধে নির্যাতনের শিকার ও ক্ষতিগ্রস্থ নারী সমাজের পুনর্বাসনের জন্য ১৯৭২ সনের ১৮ ফেব্রুয়ারি বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড গঠন করেন। পরবর্তীতে ১৯৭৪ সনে জাতীয় সংসদে আইন পাশের মাধ্যমে নারী পুনর্বাসন বোর্ডকে বাংলাদেশ নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে রুপান্তরিত করা হয়। সময়ের পথ পরিক্রমায় যা আজ "মহিলা বিষয়ক অধিদপ্তর"। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর 'শেখ হাসিনার বারতা নারী-পুরুষ সমতা' এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে নারী উন্নয়নে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়ন করে যাচ্ছে। উন্নয়নের এই প্রেক্ষাপটে সারা বাংলাদেশের নারী সমাজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছে।

শ্রদ্ধাঞ্জলি



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
১।	মহিলা বিষয়ক অধিদপ্তর এর পটভূমি, প্রতিষ্ঠা, রূপকল্প, অভিলক্ষ্য	

ছয়টি গুচ্ছে পরিচালিত মহিলা বিষয়ক অধিপ্তরের কার্যক্রম/কর্মসূচি সমূহ

১) আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা

১.১ ভিজিডি কর্মসূচি.....

১.২ কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল.....

১.৪ জয়িতা অন্বেশনে বাংলাদেশ কার্যক্রম.....

১.৫ বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র, অঙ্গনা .....

১.৬ স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ সংক্রান্ত তথ্য .....

১.৭ দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা .....

১.৮ মা ও শিশু সহায়তা কর্মসূচী .....

১.৯ সেলাই মেশিন বিতরণ .....

২) সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতামূলক কার্যক্রম

২.১ জেন্ডার সংবেদনশীল ও সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম .....

২.৩ বিভিন্ন দিবস উদ্‌যাপন .....

৩) মানব সম্পদ উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থান

৩.১ জাতীয় মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমী.....

৪) দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি

৪.১ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল.....

৪.২ চাকুরী বিনিয়োগ তথ্য কেন্দ্র.....

৫) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম

৫.১ নারী নির্যাতন প্রতিরোধ সেল.....

৫.২ মহিলা সহায়তা কর্মসূচি.....

৫.৩ মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর.....

৬) প্রাতিষ্ঠানিক সুবিধাদি ও সেবা প্রদান

৬.১ কর্মজীবী মহিলাদের জন্য হোস্টেল কর্মসূচি.....

৬.২ কর্মজীবী মহিলাদের শিশুদের জন্য দিবাযত্ন কেন্দ্র.....

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং

উন্নয়ন প্রকল্পসমূহ ও অন্যান্য কার্যক্রম

৩। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের তথ্য.....

৪। সংশোধিত বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী (রাজস্ব), পেনশন.....

৫। অডিট.....

৬। বিভাগীয় মামলা., মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যালয় সম্প্রসারণ, সম্প্রসারিত জনবল .....

তথ্য অধিকার আইন সংক্রান্ত (তথ্য ও যোগাযোগ)

৭। তথ্য প্রাপ্তির আবেদনসহ এতদ্‌সংক্রান্ত ফরম.....

৮। স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা.....

৯। ই-সার্ভিস.....

সেবা তথ্যের জন্য যোগাযোগ

১০। মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ের কর্মকর্তাদের নাম, পদবী ও ফোন নম্বর .....

১১। আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাদের নাম, পদবী এবং ফোন নম্বর .....

১২। কর্মজীবী মহিলা হোস্টেল এর কর্মকর্তাদের নাম, পদবী এবং ফোন নম্বর .....

১৩। ৬৪ জেলার উপপরিচালকগণের নাম, পদবী ও ফোন নম্বর .....

ইলেকট্রনিক মাধ্যমে প্রদত্ত ও ডাউনলোড/ প্রিন্টযোগ্য তথ্যের তালিকা .....

ওয়েব সাইট ঃ www.dwa.gov.bd

মহিলা বিষয়ক অধিদপ্তর এর পটভূমি

জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণ ও নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিত করা সুষম উন্নয়নের একটি অপরিহার্য পূর্বশর্ত। এ উপলব্ধি থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানে নারী ও পুরুষের সমঅধিকার নিশ্চিতকরণ ও স্বাধীনতা যুদ্ধে নির্যাতনের শিকার ও ক্ষতিগ্রস্থ নারী সমাজের পুনর্বাসনের জন্য ১৯৭২ সনের ১৮ ফেব্রুয়ারি বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড গঠন করেন। পরবর্তীতে ১৯৭৪ সনে জাতীয় সংসদে আইন পাশের মাধ্যমে নারী পুনর্বাসন বোর্ডকে বাংলাদেশ নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে রূপান্তরিত করা হয়। যা বিভিন্ন ধাপ অতিক্রম করে আজ মহিলা বিষয়ক অধিদপ্তর।

প্রতিষ্ঠা

১৯৭২	➲ বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড গঠন করা হয়।
১৯৭৪	➲ নারী পুনর্বাসন বোর্ডকে নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে উন্নীতকরণ করা হয়।
১৯৮৪	➲ বাংলাদেশ নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশন, মহিলা বিষয়ক কোষ এবং জাতীয় মহিলা উন্নয়ন একাডেমীকে একীভূত করে মহিলা বিষয়ক পরিদপ্তর গঠন করা হয়।
১৯৯০	➲ মহিলা বিষয়ক পরিদপ্তরকে মহিলা বিষয়ক অধিদপ্তরে উন্নীত করা হয়।

রূপকল্প (Vision)

জেন্ডার সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠা ও সুরক্ষা।

অভিলক্ষ্য (Mission)

নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং ক্ষমতায়নসহ উন্নয়নের মূলধারায় নারীদের সম্পৃক্তকরণ।

মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম/কর্মসূচি

আর্থ-সামাজিক উন্নয়ন, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা

সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতা মূলক কার্যক্রম

মানব সম্পদ উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থান

দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ

প্রাতিষ্ঠানিক সুবিধাদি ও সেবা প্রদান

আর্থ-সামাজিক উন্নয়ন, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা

ভিজিডি কর্মসূচি

ভূমিকাঃ

ভিজিডি কর্মসূচি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশের গ্রামীণ দুঃস্থ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে বাস্তবায়িত একটি অন্যতম সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি, যা সম্পূর্ণরূপে আর্থ-সামাজিকভাবে দুঃস্থ পরিবার বিশেষত: মহিলাদের জীবনমান উন্নয়নে কাজ করে। অতি দরিদ্র মহিলাদের উন্নয়ন স্থায়ীত্বের জন্য এই কর্মসূচির আওতায় প্রতি ২(দুই) বছর মেয়দী ভিজিডি চক্রে সারাদেশ ব্যাপী ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন দুঃস্থ মহিলা মাসিক ৩০ কেজির বস্তাজাত খাদ্য (চাল) সাহায্যের পাশাপাশি উন্নয়ন প্যাকেজ সেবার আওতায় নির্বাচিত এনজিও'র মাধ্যমে জীবনদক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং আয়বর্ধকমূলক প্রশিক্ষণ পেয়ে থাকে। তাছাড়া, উপকারভোগীগণ সঞ্চয় ব্যবস্থাপনার আওতায় প্রতি মাসে ২০০/- টাকা সঞ্চয় জমা করে থাকে, যা ক্ষুদ্র ব্যবসা পরিচালনার জন্য প্রারম্ভিক মূলধন গঠন হিসেবে কাজ করে। ২০০১-২০০৮ পর্যন্ত জিওবি ও বিশ্ব খাদ্য কর্মসূচির যৌথ সহযোগিতায় ভিজিডি উপকারভোগীদের খাদ্য ও প্রশিক্ষণ সহায়তা প্রদান করা হয়। ২০০৯-২০১০ চক্র হতে ভিজিডি কার্যক্রম এককভাবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে বর্তমানে ৬৪ টি জেলার ৪৯ ২টি উপজেলার ৪৫৭২ টি ইউনিয়নে পরিচালিত হচ্ছে।

কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য:

লক্ষ্যঃ বাংলাদেশের দারিদ্র পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক উন্নয়ন করা, যাতে তারা বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা এবং নিম্ন সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করে চরম দারিদ্র স্তরের উপরের অবস্থানে/স্তরে টিকে থাকার সক্ষমতা অর্জন করতে পারে।

উদ্দেশ্য: গ্রামীণ দু:স্থ পরিবারসমূহের দৈনন্দিন খাদ্য চাহিদা পূরণে সহায়তা করা এবং বিপণনযোগ্য দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা, সঞ্চয়ের মাধ্যমে বিনিয়োগের প্রারম্ভিক মূলধন সংগ্রহের জন্য উৎসাহিত করা, ঋণ প্রাপ্তিতে সুযোগ প্রদানের মাধ্যমে উপার্জনক্ষম করে গড়ে তোলা এবং চলমান উন্নয়ন কর্মসূচি গুলোতে অন্তর্ভুক্তিকরণের জন্য যোগ্য করে গড়ে তোলা।

২০২০-২০২১ অর্থবছরে ভিজিডি কর্মসূচির বাস্তবায়িত উল্লখেযোগ্য কার্যক্রমঃ

বাজেট বরাদ্দঃ ২০২০-২০২১ অর্থ বছরে সংশোধিত বাজেটে খাদ্য বরাদ্দ, পরিবহণ ব্যয়, ব্যবস্থাপনা ব্যয়, আপ্যায়ন ব্যয়, অন্যান্য ব্যয় এবং উন্নয়ন প্যাকেজ সেবার আওতায় প্রশিক্ষণ ব্যয় বাবদ ভিজিডি খাতে মোট ১৮৪০০৫.২৯ (এক হাজার আটশত চল্লিশ কোটি পাঁচ লক্ষ উনত্রিশ হাজার) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং সর্বমোট ব্যয় ১৮৩৯২৯.২৫ (এক হাজার আটশত উনচল্লিশ কোটি উনত্রিশ লক্ষ পঁচিশ হাজার) লক্ষ টাকা।

খাদ্য সহায়তাঃ ২০১৯-২০২০ ভিজিডি চক্রের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন ভিজিডি উপকারভোগী মহিলাকে মাসিক ৩০ কেজি হারে ৩,৭৪,৪০০ মেঃটন চাল বিতরন করা হয়েছে এবং নির্বাচিত ৪৫৬টি এনজিও'র মাধ্যমে আয়বর্ধক ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ভিজিডি কর্মসূচির কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভা

ভিজিডি অবহিতকরণ সভা

ভিজিডি কার্ডধারী উপকারভোগী মহিলা

৩০ কেজির বস্তায় ভিজিডি খাদ্য বিতরণ।

ক্ষেতলালে ২০১৯-২০২০ চক্রের ভিজিডি সদস্যদের নিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ করণের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য রাখছেন, নির্বাহী অফিসার এ,এফ, এম আবু সুফিয়ান। ছবি- প্রতিনিধি

বাল্য বিবাহ প্রতিরোধ প্রশিক্ষণ

প্রশিক্ষণঃ

ভিজিডি কর্মসূচির আওতায় গ্রামীণ দরিদ্র মহিলাদের ০৯টি মডিউলের মাধ্যমে জীবন দক্ষতা ও জীবিকা নির্বাহভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়, যার মাধ্যমে উপকারভোগীদেরকে একদিকে যেমন সামাজিকভাবে সচেতন করা হচ্ছে, অন্যদিকে এই নারীদের ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য উৎপাদনমুখী কর্মকান্ডে সম্পৃক্ত করা হচ্ছে।

ক) জীবন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণঃ আয় রোজগারের জন্য যেমন দক্ষতা লাগে, তেমনি জীবন ও পরিবেশ পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে চলার জন্য নানাবিধ জ্ঞান ও দক্ষতার প্রয়োজন হয়; যাকে জীবন দক্ষতা বলে অভিহিত করা হয়। উপকারভোগী মহিলাদের প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত ও চুক্তিবদ্ধ এনজিও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ মডিউল অনুযায়ী ভিজিডি উপকারভোগী মহিলাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। নির্বাচিত প্রত্যেক ভিজিডি উপকারভোগী মহিলা (১০০%) ২ (দুই) বৎসর মেয়াদী ভিজিডি চক্রে ৪৬ ঘন্টার (১৩ দিন) আনুষ্ঠানিক সচেতনতা বৃদ্ধিমূলক মৌলিক প্রশিক্ষণ এবং ১৭.৩০ ঘন্টার (৭দিন) রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। জীবন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে অতি দরিদ্র ও দরিদ্র মহিলাদের জীবন-জীবিকার মান উন্নয়ন করা। মৌলিক প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ের উপর সচেতন করা হয়, যা দৃষ্টিভঙ্গি এবং আচরণ পরিবর্তন ও প্রাত্যহিক জীবনে তার প্রয়োগ ঘটাতে ইতিবাচক ভূমিকা পালন করে থাকে। জীবন দক্ষতা প্রশিক্ষণের বিষয়ঃ ১) ভিজিডি কর্মসূচি, ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিস্কার-পরিচ্ছন্নতা ২) দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব ৩) মা ও শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি ৪) নারীর ক্ষমতায়ন ৫) এইচআইভি/এইডস এবং মাদক ও তামাকজাত দ্রব্যের প্রভাব।

ভিজিডি কর্মসূচির আওতায় জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ কার্যক্রম

খ) আয় বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ: আয় বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উদ্দেশ্য হলো ভিজিডি উপকারভোগী মহিলাদের দক্ষতা উন্নয়নের জন্য চুক্তিবদ্ধ এনজিও'র মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা। নির্বাচিত প্রত্যেক ভিজিডি উপকারভোগী মহিলা (১০০%) প্রথমে কমপক্ষে ৪২ ঘন্টার আনুষ্ঠানিক মৌলিক প্রশিক্ষণ এবং দ্বিতীয় পর্যায়ে ফলোআপ হিসেবে ২১ ঘন্টার রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। আয় বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে অতি দরিদ্র ও দরিদ্র মহিলাদের আয়বৃদ্ধিমূলক কর্মসূচির সাথে সম্পৃক্ত করে তাদের জীবন-জীবিকার মান উন্নয়ন ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা। এতদ্ব্যতীত ভিজিডি উপকারভোগী মহিলাগণ প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনাসহ নির্দিষ্ট আয় বৃদ্ধিমূলক কাজের উপর ধারণা পেয়ে থাকে এবং নিজস্ব দক্ষতা/চাহিদার ভিত্তিতে একটি ব্যবসা পরিকল্পনা করে থাকে। প্রশিক্ষণের বিষয়ঃ ১) উদ্যোক্তা উন্নয়ন ২) দেশী মুরগী ও হাঁস পালন ৩) বাড়ীর পাশে সবজী চাষ ৪) গরু ও ছাগল পালন।

ভিজিডি কর্মসূচির আওতায় আয় বৃদ্ধিমূলক কার্যক্রম

সঞ্চয়ঃ ভিজিডি উপকারভোগী মহিলাগণ সঞ্চয় ব্যবস্থাপনা কার্যক্রমের আওতায় মাসে ২০০/- টাকা হারে তাদের নিজস্ব একাউন্টে সঞ্চয় জমা রাখে, যা ক্ষুদ্র ব্যবসা পরিচালনায় প্রারম্ভিক মূলধন হিসেবে কাজ করে।

ভিজিডি কর্মসূচির আওতায় রাইস ফর্টিফিকেশন কার্যক্রমঃ

বিশ্বখাদ্য কর্মসূচির কারিগরী সহযোগিতায় সর্বপ্রথম কুড়িগ্রাম জেলার সদর উপজেলায় পাইলট কার্যক্রম হিসেবে ভিজিডি উপকারভোগী মহিলাদের অনুকূলে রাইস ফর্টিফিকেশন কার্যক্রম শুরু হয়, যা ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে বর্তমানে সারাদেশে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৭০টি ও বিশ্বখাদ্য কর্মসূচির সহযোগিতায় ১৯টিসহ সর্বমোট ১৮৯টি উপজেলায় সম্প্রসারিত হয়েছে। এই কার্যক্রমের মাধ্যমে ভিজিডি উপকারভোগী মহিলাদের পুষ্টির অভাব দূর করার জন্য পাইলট কার্যক্রম হিসেবে বর্তমানে সাধারণ চালের সাথে ০৬টি মাইক্রো নিউট্রেন্ট (ভিটামিন এ, বি১, বি১২, আয়রন, ফলিক এসিড, জিংক) মিশ্রণপূর্বক পুষ্টিচাল প্রস্তুত করে (ফর্টিফাইড রাইস) বিতরণ করা হচ্ছে। রাইস ফর্টিফিকেশন কার্যক্রমের মাধ্যমে ভিজিডি কার্ডধারী মহিলার পরিবারসমূহের সদস্যবৃন্দ তথা মহিলা, শিশু ও বয়স্কদের অভাবজনিত অপুষ্টির উপাদানের পরিমাণ কমে আসবে।

কর্মসূচির নাম: দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচি (ভিজিডি)
২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের ব্যয় বিবরণী:

(লক্ষ টাকায়)

ক্র: নং	কোড নং	খাত/উপখাতের নাম	২০২০-২০২১ মোট বরাদ্দ	২০২০-২০২১ ছাড়কৃত বরাদ্দ	২০২০-২০২১ মোট ব্যয়	২০২০-২০২১ উদ্বৃত্ত/ অতিরিক্ত	মন্তব্য
১	৩৭২২১০১	ত্রাণ কার্য (চাল)	১৭৪৯১৯.৪৩	১৭৪৯১৯.৪৩	১৭৪৯১৯.৪৩	০.০০	অর্থ বছর শেষে খাদ্যের প্রকৃত মূল্য এবং পুষ্টি চাল কার্যক্রমে কার্ণেল ও মিশ্রণ ব্যয় নিরূপনপূর্বক ব্যয়ের প্রকৃত হিসাব প্রদান করার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। পত্র প্রাপ্তি সাপেক্ষে খাদ্যের প্রকৃত ব্যয়ের হিসাব প্রেরণ করা হবে। ব্যয়ের হার ৯৯.৯৬%।
২	৩২২১১০৬	পরিবহন	২৮৯৫.০৪	২৮৯৫.০৩	২৮৯৫.০৩	০.০১	
৩	৩২৩১৩০১	প্রশিক্ষণ	৩০৫০.৩৩	২৯৯১.৪০	২৯৯১.৪০	৫৮.৯৩	
৪	৩২২১১০৯	ব্যবস্থাপনা	২৯৯১.৬৯	২৯৯১.৬৯	২৯৯১.৬৯	০.০০	
৫	৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল, এন্ড লুব্রিকেন্ট	৮.০০	৭.৭৬	৭.৭৬	০.২৪	
৬	৩২১১১০৬	আপ্যায়ন	৩.৩০	১.৬৪	১.৬৪	১.৬৬	
৭	৩২৫৫১০৫	অন্যান্য মনিহারী	১২৫.০০	১১৬.৮৩	১১৬.৮৩	৮.১৭	
৮	৩২৫৬১০৩	ব্যবহার্য দ্রব্যাদি	৫.০০	১.৭৫	১.৭৫	৩.২৫	
৯	৩২৫৮১০১	মোটরযান	৪.০০	২.৪০	২.৪০	১.৬০	
১০	৩২৫৮১০৩	কম্পিউটার	৩.৫০	১.৩২	১.৩২	২.১৮	
		সর্বমোট =	**১৮৪০০৫.২৯**	**১৮৩৯২৯.২৫**	**১৮৩৯২৯.২৫**	৭৬.০৪	
		কথায়=	এক হাজার আটশত চল্লিশ কোটি পাঁচ লক্ষ উনত্রিশ হাজার টাকা	এক হাজার আটশত উনচল্লিশ কোটি উনত্রিশ লক্ষ পঁচিশ হাজার	এক হাজার আটশত উনচল্লিশ কোটি উনত্রিশ লক্ষ পঁচিশ হাজার	ছিয়াত্তর লক্ষ চার হাজার	

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি

ভূমিকা:

দেশের মোট জনসংখ্যার প্রায় দুই তৃতীয়াংশ নারী ও শিশু। তাই নারীর উন্নয়ন ও শিশুর সঠিক পুষ্টি নিয়ে বেড়ে ওঠা বাংলাদেশের উন্নয়নের অন্যতম চালিকা শক্তি। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জন এবং একটি সুস্থ সবল প্রজন্ম গঠনের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর রাজস্ব খাতের অর্থায়নে শহর অঞ্চলে 'কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল' কর্মসূচি বাস্তবায়ন করছে। ২০১০-২০১১ অর্থবছর হতে শুরু হওয়া কর্মসূচির আওতায় দরিদ্র গর্ভবতী ও দুগ্ধদায়ী মা'দেরকে সরকার নির্ধারিত হারে ভাতা প্রদানের পাশাপাশি শিশুর সঠিক পরিচর্যায় মা'দের ভূমিকা, শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টিমান ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। যা সরকারের সামাজিক নিরাপত্তামূলক বেষ্টনী (Social Safety-net) কার্যক্রমের অন্যতম কর্মসূচি।

লক্ষ্য ও উদ্দেশ্য:

- টেকসই উন্নয়ন লক্ষমাত্রা (SDG)অর্জন;
- মা ও শিশুর মৃত্যু হার হ্রাস;
- মা ও শিশুর খাদ্য ও পুষ্টি নিশ্চিতকরণ;
- সুস্থ ও সবল প্রজন্ম গঠন;
- দারিদ্রতা নিরসন;
- জীবনমান উন্নয়ন।

কর্মসূচি এলাকা :

- বর্তমানে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামে অবস্থিত বিজিএমইএ এর ৩৯১টি এবং বিকেএমইএ এর ১১৯টি সর্বমোট (৩৯১+১১৯)=৫১০টি পোশাক কারখানায় এবং জেলা ও উপজেলা পর্যায়ে ৩৩৯টি সিটি কর্পোরেশন/ পৌরসভায় কর্মসূচির কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

প্রশাসনিক ব্যবস্থাপনা :

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে কর্মসূচিটি বাস্তবায়িত হচ্ছে।
- এ কর্মসূচিটি পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে ৪টি কমিটি রয়েছে। যথা: (১) স্টিয়ারিং কমিটি, (২) বাস্তবায়ন ও মনিটরিং কমিটি (৩) উপজেলা কমিটি (৪) জেলা কমিটি ।
- জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ এই কর্মসূচির বাস্তবায়ন নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ করে থাকেন।

কর্মসূচি'র বাজেট:

- কর্মসূচি'র চলতি বছরের মোট বাজেট : ২৭৬,৬৫,০০,০০০ (দুইশত ছিয়াত্তর কোটি পঁয়ষট্টি লক্ষ) টাকা।
- উপকাভোগীর ভাতা বাবদ বরাদ্দ: ২৬৪,০৪,০০,০০০ (দুইশত চৌষট্টি কোটি চার লক্ষ) টাকা।
- প্রশিক্ষণবাবদ বরাদ্দ ১০,৩৮,৫০,০০০ (দশ কোটি আটত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

উপকারভোগীর সংখ্যা ও ভাতা প্রদান পদ্ধতি :

- বর্তমানে কর্মসূচির মোট উপকারভোগীর সংখ্যা ২,৭৭,১২৫ জন।
- জনপ্রতি মাসিক ভাতার পরিমাণ ৮০০ (আটশত) টাকা ।
- একজন উপকারভোগী একাধারে ৩ (তিন) বছর ভাতা পাচ্ছেন।
- কর্মসূচি'র উপকারভোগীদের ডাটাবেজ করার জন্য একটি MIS প্রস্তুত করা হয়েছে। উক্ত MIS ব্যবহার করে গত ২০১৮-১৯ অর্থ বছর হতে G2P পদ্ধতিতে উপকারভোগীদের নিজ পছন্দের অনলাইন ব্যাংক হিসাব/ মোবাইল ও এজেন্ট ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে।

প্রশিক্ষণ :

- দারিদ্র নিরসন, মা ও শিশু মৃত্যুহার হ্রাস, মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি, খাদ্য ও পুষ্টি সহায়তা প্রদান, গর্ভাবস্থায় এবং প্রসব ও প্রসবোত্তর সেবা বৃদ্ধি, শিশুর সঠিক পরিচর্যা, শিশুর প্রারম্ভিক বিকাশ, শিশুর অটিজম ও প্রতিবন্ধকতা সম্পর্কে মা'দের জ্ঞান প্রদান, বাল্য বিবাহ রোধে সচেতনতা বৃদ্ধি, স্বাস্থ্য পরিচর্যা, ইপিআই ও পরিবার পরিকল্পনা, শিশুর খাদ্য ও পুষ্টি এবং জীবন মান উন্নয়ন ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

উপকারভোগীদের ভাতা প্রদান সংক্রান্ত তথ্য বিবরণী :

		বাজেটে ঘোষিত কার্যক্রম অগ্রগতি/পরিকল্পনা/				
অর্থ বছর	উপকার ভোগীর কার্ডের বরাদ্দ	মাথাপিছু হার (মাসিক)	ভাতা প্রদানের চক্র	উপকারভোগীর ভাতা বাবদ প্রাপ্ত বরাদ্দ (১বছরে)	উপকারভোগীর ভাতার অর্থ বিতরণ (১বছরে)	সর্বশেষ অগ্রগতি
২০০৯-১০	-	-		-	-	এ অর্থবছরে কর্মসূচিটি চালু করা হয় নাই।
২০১০-১১	৬৭৫০০	৩৫০-/	২বছর	২৮,৩৫,০০,০০০	২৮,৩৫,০০,০০০	এ অর্থবছরে কর্মসূচিটি শুরু করা হয়েছে।
২০১১-১২	৭৭৬০০	৩৫০-/	২বছর	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	কার্ড সংখ্যা ১০১০০ বৃদ্ধি করা হয়েছে।
২০১২-১৩	৭৭৬২৫	৩৫০-/	২বছর	৩২,৬০,২৫,০০০	৩২,৬০,২৫,০০০	কার্ড সংখ্যা ২৫ বৃদ্ধি করা হয়েছে।
২০১৩-১৪	৮৫৮০২	৪০০-/	২বছর	৪১,১৮,৪৯,০০০	৪১,১৮,৪৯,০০০	কার্ড সংখ্যা ৮১৭৭ জন বৃদ্ধি করা হয়েছে
২০১৪-১৫	১০০০০০	৫০০-/	২বছর	৬০,০০,০০,০০০	৬০,০০,০০,০০০	কার্ড সংখ্যা ১৪১৯৮ জন বৃদ্ধি করা হয়েছে।
২০১৫-১৬	১২০০০০	৫০০-/	২বছর	৭২,০০,০০,০০০	৭২,০০,০০,০০০	কার্ড সংখ্যা ২০০০০ জন বৃদ্ধি করা হয়েছে।
২০১৬-১৭	১৮০৩০০	৫০০-/	২বছর	১০৮,১৮,০০,০০০	১০৮,১৮,০০,০০০	২০১৬-১৭ অর্থবছরে ৬০৩০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০১৭-১৮	২০০০০০	৫০০-/	২বছর	১২০,০০,০০,০০০	১২০,০০,০০,০০০	২০১৭-১৮ অর্থবছরে ১৯৭০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০১৮-১৯	২৫০০০০	৮০০-/	৩বছর	২৪০,০০,০০,০০০	২৪০,০০,০০,০০০	২০১৮-১৯ অর্থবছরে ৫০০০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০১৯-২০	২৭৫০০০	৮০০-/	৩বছর	২৬৪,০০,০০,০০০	২৬৪,০০,০০,০০০	২০১৯-২০ অর্থবছরে ২৫০০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০২০-২১	২৭৫০০০	৮০০-/	৩বছর	২৬৪,০০,০০,০০০	২৬৪,০০,০০,০০০	জিটুপি পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়েছে।

শুরু হতে এ পর্যন্ত মোট ৭,৫৮,৪০২ জন উপকারভোগীকে ভাতা ও প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

রাজবাড়ী জেলার সদরস্থ পৌর সভায় ২০১৯-২০ অর্থবছরে উপকারভোগীদের অনলাইনে ভাতা পরিশোধের জন্য মোবাইল ব্যাংক হিসাব খোলা হচ্ছে।

ল্যাকটেটিং মাদার কর্মসূচি বাস্তবায়ন সমস্যা, সমাধান ও নতুন কৌশল উদ্ভাবন সম্পর্কিত বিভাগীয় পর্যায়ের কর্মশালার তথ্য চিত্র।

ভবিষ্যৎ পরিকল্পনা: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান এবং কর্মজীবী ল্যাকটেটিং ভাতা প্রদান কর্মসূচিকে একত্রিত করে NSSS (National Social Security Strategy) এর নির্দেশনা অনুযায়ী মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গত ২০১৮-১৯ অর্থ বছর হতে ৭টি বিভাগের ৭টি উপজেলা এবং গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার বিজিএমইএ এর নির্দিষ্ট ৩টি এবং বিকেএমই এর নির্দিষ্ট ৩টি কারখানায় মাতৃত্বকাল ও ল্যাকটেটিং কর্মসূচির উন্নত সংস্করণ (Improvement Maternity & Lactating Mother Allowance-IMLMA) নির্দেশিকা অনুযায়ী মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ২০১৯-২০ অর্থ বছরে আরও ১৮টি উপজেলাসহ মোট ২৫টি জেলা/উপজেলায় এবং চলতি ২০২০-২১ অর্থ বছরে আরও ৪১টি জেলা/উপজেলাসহ ৬৬টি জেলা/উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। পর্যায়ক্রমে দেশের সকল জেলা/উপজেলায় মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়িত হবে।

মা ও শিশু সহায়তা কর্মসূচির মাধ্যমে প্রতি মাসে উপকারভোগীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন এবং ভাতা প্রদান করা হচ্ছে। বিশ্ব খাদ্য কর্মসূচি (World Food Programme) এ কার্যক্রম বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করছে।

জয়িতা অন্বেষণে বাংলাদেশ

১। কার্যক্রমের নাম : "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রম।

২। কার্য এলাকা : সমগ্র বাংলাদেশ।

৩। বাস্তবায়নকাল : রাজস্ব বাজেটের আওতায় প্রতি বছর ২৫ নভেম্বর হতে ১০ ডিসেম্বর পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস উদযাপনের অংশ হিসেবে জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

৪। অর্থ-বছর : ২০২০-২১

৫। আর্থিক উৎস:

ক্রমিক নং	মোট টাকা (লক্ষ টাকায়)	জিওবি (লক্ষ টাকায়)	প্রকল্প সাহায্য (লক্ষ টাকায়)	দাতা সংস্থার নাম	মন্তব্য
১.	১৪০.০০ (এক কোটি চল্লিশ লক্ষ)	১৪০.০০ (এক কোটি চল্লিশ লক্ষ)	-	-	-

৬। কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ:

লক্ষ্য ও উদ্দেশ্য:

- সমাজের বিভিন্ন ক্ষেত্রের জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান, স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান করে সমাজের আপামর নারীদের মধ্যে আস্থা সৃষ্টি করা এবং তাঁদের জয়িতা হতে অনুপ্রাণীত করা;
- নারীর অগ্রযাত্রায় সকল প্রতিবন্ধকতা মোকাবেলা করে জয়িতাদের অগ্রসর হওয়ার পথ সুগম করা, ফলশ্রুতিতে জেন্ডার সমতাভিত্তিক সমাজ বিনির্মাণের মাধ্যমে দেশের সুষম উন্নয়ন ত্বরান্বিত করা;
- আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবসের মূল চেতনার সাথে সংগতি রেখে গতানুগতিকতার উর্ধ্বে উঠে দিবসগুলো যথাযথ ভাবে উদযাপন করা।

নীতিমালার আলোকে ৫টি ক্যাটাগরি:

১. অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী;
২. শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী;
৩. সফল জননী নারী;
৪. নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোম জীবন শুরু করেছেন যে নারী; এবং
৫. সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

বাস্তবায়ণ কৌশল :

- প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে ইউনিয়ন পরিষদ স্ব স্ব ইউনিয়নে এবং ওয়ার্ড কাউন্সিলরগণ স্ব স্ব ওয়ার্ডে ব্যাপক প্রচার ও অনুসন্ধানের মাধ্যমে বিভিন্ন ক্যাটাগরীতে আবেদনপত্র আহবান করবে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই বাছাইপূর্বক প্রতিটি ক্যাটাগরীতে ইউনিয়নের শ্রেষ্ঠ একজন করে নির্বাচিত মহিলার প্রস্তাব সত্যায়িত ছবি ও জীবনবৃত্তান্তসহ উপজেলায় প্রেরণ।
- উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পর্যায়ের একটি কমিটি ইউনিয়ন পর্যায় এবং ওয়ার্ড পর্যায় হতে প্রাপ্ত প্রস্তাবগুলোর সত্যতা ও বস্তুনিষ্ঠতা যাচাই করে প্রত্যেক ক্যাটাগরীতে একজন করে শ্রেষ্ঠ মহিলার প্রস্তাব জীবনবৃত্তান্ত এবং প্রদত্ত তথ্যের সত্যতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে প্রত্যয়ন ও প্রতিস্বাক্ষরসহ জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে।

- জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা পর্যায়ে গঠিত একটি কমিটি সকল উপজেলা হতে প্রাপ্ত প্রত্যেক ক্যাটাগরীর প্রস্তাবগুলোর সত্যতা যাচাই করে জেলার শ্রেষ্ঠ একজনের (প্রত্যেক ক্যাটাগরীতে) প্রস্তাব সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত প্রদত্ত তথ্যের সত্যতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে প্রত্যয়ন ও প্রতিস্বাক্ষরসহ বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করবে।

- বিভাগীয় পর্যায়ে ৫ জন শ্রেষ্ঠ জয়িতা নির্বাচনের জন্য বিচারকমন্ডলী বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত ১০ জন জয়িতার তালিকা হতে সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপস্থিত দর্শকের সামনে ৫ জন শ্রেষ্ঠ জয়িতা নির্বাচন করবেন এবং তাঁদের সম্মাননা প্রদান করা হবে।

৭। <u>২০১৯-২০ অর্থ-বছরে অগ্রগতি:</u>

৮ টি বিভাগের ৬৪ টি জেলা হতে ইউনিয়ন পর্যায়ে ৬৯৭৫ জনের আবেদন পাওয়া যায়। পরবর্তীতে যাচাই-বাছাইয়ের মাধ্যমে উপজেলা পর্যায়ে ২০৯৫ জন, জেলা পর্যায়ে ৩২০ জন এবং বিভাগীয় পর্যায়ে ৪০ জন জয়িতা নির্বাচন করা হয়। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত ৪০ জন জয়িতার মধ্য হতে ৫ ক্যাটাগরীতে ৫ জন জয়িতাকে জাতীয় পর্যায়ে নির্বাচন করা হয়।

<u>২০২০-২১ অর্থ-বছরে অগ্রগতি:</u>

উপজেলা ও জেলা পর্যায়ে জয়িতা নির্বাচন সম্পন্ন হয়েছে। বিভাগীয় পর্যায়ে প্রক্রিয়াধীন।

২০১৯-২০ অর্থবছরের বিভাগীয় পর্যায়ে নির্বাচিত ৪০ জন জয়িতার মধ্য হতে জাতীয় পর্যায়ে ৫ ক্যাটাগরিতে ৫ জন নির্বাচিত জয়িতাকে আন্তর্জাতিক নারী দিবস-২০২১ এ সংবর্ধনা প্রদান করা হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রান্তে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা শ্রেষ্ঠ পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন -ফোকাস বাংলা নিউজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রাঙ্গণে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপলক্ষ্যে দেশের সঙ্গে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি মোট পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন। পরে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি পদক প্রাপ্তদের সঙ্গে গ্রুপ ছবিতে অংশগ্রহণ করেন -ফোকাস বাংলা নিউজ

বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র 'অঙ্গনা'

ভূমিকা :

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দেশের টেকসই সার্বিক উন্নয়নের অন্যতম অপরিহার্য পূর্বশর্ত হচ্ছে নারী উন্নয়ন। বর্তমান সরকার "রুপকল্প ২০২১" বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় পর্যায়ে নারীকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করার ক্ষেত্রে নারী উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ক্ষুদ্র ও মাঝারী নারী উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টির মধ্য দিয়ে অর্থনৈতিক ক্ষমতায়ন ও মানবাধিকার উন্নয়নে ব্যাপক কার্যক্রম পরিচালিত করছে মহিলা বিষয়ক অধিদপ্তর তথা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণ ও অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধনকৃত মহিলা সমিতিসমূহের/ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের উৎপাদিত পন্য সামগ্রী বাজারজাতকরণ ও বিক্রয়ের সহায়তা করার মাধ্যমে তাদের স্বাবলম্বী ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র "অঙ্গনা" প্রতিষ্ঠিত হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য :

- নারী উদ্যোক্তা তৈরি করা ও ক্ষুদ্র ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের নিজস্ব উৎপাদিত পন্য বাজারজাত ও বিক্রয়ের সহায়তা করার মাধ্যমে তাদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী করে গড়ে তোলা।
- অঙ্গনার মাধ্যমে সারা দেশব্যপী নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- অঙ্গনার মাধ্যমে নারীরা আয়বর্ধক কাজে সম্পৃক্ত হলে নারী ও পুরুষের বৈষম্য হ্রাস পাবে এবং নারীর ক্ষমতায়ন ও দেশের দারিদ্র বিমোচন হবে।

মালামাল সংগ্রহ:

- মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল জেলা/উপজেলা কার্যালয় এর প্রশিক্ষন প্রাপ্ত মহিলাদের তৈরীকৃত মানসম্মত যুগোপযোগী দ্রব্যাদি।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধিত মহিলা সমিতির সদস্যদের তৈরীকৃত মানসম্মত দ্রব্যাদি।
- মহিলা উদ্যোক্তাদের স্ব-কর্মসংস্থানের জন্য ব্যক্তিগত উদ্যোগে তৈরীকৃত মানসম্মত দ্রব্যাদি।

মূল্য নির্ধারন ও বিক্রয়:

যাচাই বাছাই কমিটিকর্তৃক যে সব দ্রব্যাদি গ্রহণের জন্য সুপারিশ করা হয় শুধুমাত্র সেই সব দ্রব্যের ক্রয় মূল্যের সাথে ৫% মুনাফা যোগ করে দ্রব্যাদির বিক্রয় মূল্য নির্ধারণ করা হয়।

- মালামাল পাকা রশিদের মাধ্যমে বিক্রয় করা হয়।
- মালামাল একদরে বিক্রয় করা হয়, বিক্রিত মাল ফেরৎ নেয়া হয় না।
- অঙ্গনার বিক্রয়বাবদ প্রাপ্ত অর্থ নির্দিষ্ট নিয়মে ব্যংকের হিসাবদ্বয়ে জমা দেয়া হয়।

বিল পরিশোধ:

অঙ্গনার মাধ্যমে বিক্রয়কৃত মালামালের বিল অঙ্গনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং সহকারী পরিচালক (মার্কেটিং) এর যৌথ স্বাক্ষরে অঙ্গনার ওয়ার্কিং ক্যাপিটাল হিসাব হতে A/C Payee চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সমিতি/ব্যক্তিকে পরিশোধ করা হয়। মুনাফার অর্থ প্রতি অর্থবছর শেষে সরকারী কোষাগার বাংলাদেশ ব্যাংকে জমা দেয়া হয়।

২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার আর্থিক অবস্থা

- ২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার মাধ্যমে মহিলা উদ্যোক্তাদের সরবরাহকৃত ৬,৪৫,১২৫/- (ছয় লক্ষ পয়তাল্লিশ হাজার একশত পঁচিশ) টাকার মালামাল বিক্রয় করা হয়েছে ।
- ২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার মাধ্যমে বিক্রয়কৃত অর্থের ৫% মুনাফা ৩১,৭৬৬/০১ (একত্রিশ হাজার সাতশত ছেষট্টি টাকা এক পয়সা) টাকা অর্থবছর শেষে চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।
- ২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার মাধ্যমে উদ্যোক্তাদের সরবরাহকৃত মালামালের বিল বাবদ ৮,৫১,৬৫৫/-(আট লক্ষ একান্ন হাজার ছয়শত পঞ্চান্ন) টাকার চেক উদ্যোক্তাদের বিতরণ করা হয়েছে।

অঙ্গনার সাফল্য:

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র অঙ্গনার মাধ্যমে তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তাগণ তাদের তৈরিকৃত মালামাল সরবরাহ করে আর্থিকভাবে স্বাবলম্বী ও আত্মনির্ভরশীল হচ্ছে। অঙ্গনার মাধ্যমে প্রতিবছর নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হচ্ছে। এভাবেই অঙ্গনা সরাসরি নারী উন্নয়ন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে ও সরকারের বার্ষিক আয়ে সম্পৃক্ত হচ্ছে।

স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ

জাতীয় পর্যায়ে নারীকে উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করে ইতিবাচক পরিবর্তন আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের ভূমিকা অপরিসীম। নারী উন্নয়নে মাঠ পর্যায়ে সরকারের বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ৬৪টি জেলা এবং ৪৩০ টি উপজেলায় সরকার কর্তৃক গৃহীত নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম/ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে । তন্মধ্যে তৃণমূল পর্যায়ের মহিলাদের সার্বিক উন্নয়ন ও দারিদ্র্য নিরসনকল্পে এবং তাদেরকে আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা কর্মকর্তাদের মাধ্যমে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন করা হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিগুলোকে অনুদান প্রদান কার্যক্রম পশ্চাদপদ নারী সমাজকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ১৯৭৮ সাল থেকে অনুদান বিতরণ কার্যক্রম সফলভাবে দরিদ্র নারীদের কল্যাণে অবদান রাখছে। তারই ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থ বছরে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে নিম্নে বর্ণিত অনুদান প্রদান করা হয়েছে:

সাধারণ অনুদানঃ

শ্রেণির ধরণ	টাকার হার	সমিতির সংখ্যা	টাকা
ক শ্রেণিভুক্ত সমিতি	৪০,০০০/-	৯০০ টি (৯০০X৪০,০০০)	৩,৬০,০০,০০০/-
খ শ্রেণিভুক্ত সমিতি	৩০,০০০/-	১১০০ টি (১১০০X৩০,০০০)	৩,৩০,০০,০০০/-
গ শ্রেণিভুক্ত সমিতি	২৫,০০০/-	১৫১৭ টি (১৫১৭X২৫,০০০)	৩,৭৯,২৫,০০০/-
মোট =		৩৫১৭ টি সমিতি	১০,৬৯,২৫,০০০/-

বিশেষ অনুদানঃ

২০২০-২০২১ অর্থ বছরে ১২৮টি সমিতিকে ৫০,০০০/- টাকা হারে (১২৮X৫০,০০০/-)=৬৪,০০,০০০/-) চৌষট্টি লক্ষ টাকা বিশেষ অনুদান বিতরণ করা হয়েছে।

স্বেচ্ছাধীন অনুদানঃ

২০২০-২০২১ অর্থ বছরে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক স্বেচ্ছাধীন অনুদান হিসাবে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে।

দরিদ্র মা র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান'কর্মসূচি

১.	কর্মসূচির নাম	:	দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি
২.	বাস্তবায়ন কাল	:	জুলাই ২০০৭-হতে শুরু হয়ে চলমান রয়েছে।
৩.	২০২০-২০২১ অর্থ বছরে ভাতা ভোগীর সংখ্যা	:	৭,৭০,০০০ জন
৪.	২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ	:	৭৫৩,৯৭,৩০,০০০/-(সাত শত তেপ্পান্ন কোটি সাতানব্বই লক্ষ ত্রিশ হাজার)
৫.	কর্ম এলাকা	:	৬৪ টি জেলা ও ৪৯২ টি উপজেলা।
৬.	কর্মসূচির উদ্দেশ্য	:	ক) দরিদ্র মা ও শিশু মৃত্যু হার হ্রাস
			খ) শিশুর ১০০০ দিনের পুষ্টি নিশ্চিত করা।
			গ) গর্ভাবস্থায় উন্নত পুষ্টি উপাদান গ্রহণের হার বৃদ্ধি।
			ঘ) প্রসব ও প্রসবোত্তর সেবার হার বৃদ্ধি।
			ঙ)মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি।
			চ) ইপিআই ও পরিবার পরিকল্পনা গ্রহণের হার বৃদ্ধি
			ছ)জন্ম নিবন্ধন উৎসাহিত করা।
			জ) বিবাহ নিবন্ধন উদ্বুদ্ধকরণ।
৭.	কর্মসূচির কায়ক্রম	:	১। প্রতি ভাতাভোগী পছন্দ মত মোবাইল একাউন্টের মাধ্যমে মাসিক ৮০০/- টাকা হারে ৩ বছর ভাতা প্রদান। ২।ভাতাভোগীকে শিশু পরিচর্যা, স্বাস্থ্য, টিকা ও জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান।
৮.	নতুন উপকারভোগী নির্বাচনের অবশ্যকীয় শর্তাবলী	:	ক)কর্মসূচির বিদ্যমান নীতিমালা ও প্রেরিত নির্দেশনা অনুসরন করতে হবে; খ) উপকারভোগীর বয়স ২০ থেকে ৩৫ বছর; গ) প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে; ঘ) প্রত্যেক উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র আবশ্যিক; ঙ) প্রত্যেক উপকারভোগীর নিজ নিজ পছন্দের সক্রিয় অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংক (বিকাশ/রকেট/শিউরক্যাশ) হিসাবে হবে। চ) প্রত্যেক উপকারভোগীর নিজস্ব মোবাইল নম্বর থাকতে হবে;
৯.	G2P(Government to person) পদ্ধতিতে ভাতা প্রদান	:	মাসিক ৮০০/-(আটশত টাকা) হারে উপকারভোগীকে তার পছন্দমত নিজস্ব অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংকের মাধ্যমে G2P (Government to person)পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়।

মা ও শিশু সহায়তা কর্মসূচি

১.	কর্মসূচির নাম	:	মা ও শিশু সহায়তা কর্মসূচি (জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ নির্দেশনা অনুযায়ী বিদ্যমান মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মা ভাতা কর্মসূচির সমন্বিত এবং উন্নত সংস্করণ)
২.	বাস্তবায়ন কাল	:	জুলাই ২০১৮-হতে শুরু হয়ে চলমান রয়েছে।
৩.	কর্ম এলাকা	:	৮টি বিভাগের ৬৬টি উপজেলা এবং গাজীপুর জেলার বিজেএমইএ ও বিকেএমইএ এর আওতাধীন গার্মেন্টসসমূহ।
৪.	কর্মসূচির উদ্দেশ্যে	:	দরিদ্র গর্ভবতী মা ও স্বল্প আয়ের কর্মজীবী মায়ের গর্ভকালীন যত্ন থেকে শুরু করে শিশুর জন্মের প্রথম গুরুত্বপূর্ণ ১০০০ দিনে শিশুর স্বাস্থ্য, পুষ্টি ও বুদ্ধিবৃত্তিক বিকাশে অবদান রাখা।
৫.	কর্মসূচির কার্যক্রম ও প্রশিক্ষনের বিষয়	:	১.প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে কর্মসূচির উদ্দেশ্য এবং অন্তর্ভুক্তি সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণা চলবে। ২.গর্ভধারণ নিশ্চিত হওয়া মাত্র দরিদ্র ও স্বল্প আয়ের পরিবারের মায়েদের অনলাইন ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে প্রতিমাসে কর্মসূচিতে নিবন্ধিত হবেন। ৩.সুবিধাভোগী মা প্রতি মাসে তার পছন্দনীয় মোবাইল একাউন্টের মাধ্যমে ৮০০ (আটশত) টাকা আর্থিক সহায়তা ৩৬ মাস তার একাউন্টে পাবেন। ৪. এ সময় তারা ৪টি ANC সম্পন্ন করবেন। গর্ভকালীন সময়ের স্বাস্থ্যসেবা ও যত্ন পাবেন, টিকা, শিশুর প্রারম্ভিক বিকাশ, মায়ের বুকের দুধ, পুষ্টি ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতায় নিয়মিত অংশগ্রহণের সুযোগ পাবেন। ৬. শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করবেন এবং উদ্দিপনামূলক শৈশবকালীন যত্ন নিশ্চিত করবেন, বুকের দুধ, পুষ্টি বিষয়ক সচেতনতায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ৭.গর্ভবতী মা ও তার পরিবারের সদস্যদের জন্য মা ও শিশুর পুষ্টি ও যত্ন সম্পর্কিত আচরণ পরিবর্তন আনয়নের প্রশিক্ষণের আয়োজন করা হবে।
৬.	নতুন উপকারভোগী নির্বাচনের অবশ্যকীয় শর্তাবলী		ক)কর্মসূচির বিদ্যমান নীতিমালা ও প্রেরিত নির্দেশনা অনুসরণ করতে হবে; খ) উপকারভোগীর বয়স ২০ থেকে ৩৫ বছর; গ)প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে; ঘ)প্রত্যেক উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র আবশ্যিক; ঙ) প্রত্যেক উপকারভোগীর নিজ নিজ পছন্দের সক্রিয় অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংক (বিকাশ/রকেট/শিউরক্যাশ) হিসাবে হবে। চ)প্রত্যেক উপকারভোগীর নিজস্ব মোবাইল নম্বর থাকতে হবে;
৭.	G2P (Government to person) পদ্ধতিতে ভাতা প্রদান		মাসিক ৮০০/-(আটশত টাকা) হারে উপকারভোগীকে তার পছন্দমত নিজস্ব অন-লাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংকের মাধ্যমে G2P (Government to person)পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়।

সেলাই মেশিন

নারীর আত্মকর্মসংস্থান ও অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ জেলা উপজেলা কার্যালয়ে সেলাই প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। ইচ্ছা থাকা সত্ত্বেও প্রশিক্ষিত নারী এবং সেলাই কাজে দক্ষ দুঃস্থ ও অসহায় নারী সেলাই মেশিনের অভাবে অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারে না। তাদের উৎপাদনের মূলধারায় সম্পৃক্ত করা ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে অধিদপ্তরের অনুকূলে প্রতি অর্থ বছর নির্ধারিত খাতে প্রদত্ত থোক বরাদ্দ হতে সেলাই মেশিন ক্রয় করে মহিলাদের মধ্যে বিতরণ করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ২০২১ সাল পর্যন্ত মোট ২৯,২১৮ টি পা-চালিত সেলাই মেশিন ক্রয় করা হয়েছে এবং তা বিতরণ করা হচ্ছে। তাছাড়া চলতি ২০২০-২০২১ অর্থ বছরে ৩ (তিন) কোটি টাকার ৩,৩২৭ টি সেলাই মেশিন ক্রয় করা হয়েছে। যা প্রশাসনিক মন্ত্রণালয় হতে বরাদ্দের জিও প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হচ্ছে।

সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতামূলক কার্যক্রম

পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি

নারী অধিকার ও নারীর ক্ষমতায়নে সমাজে ব্যাপকভাবে আলোচিত বিভিন্ন ইস্যুর উপর ইতিবাচক মনোভাব ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখার মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, কর্মস্থলে যৌন হয়রানী রোধ, অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি, মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার বিশেষ উদ্যোগ এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ক ও NCWCD প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে অত্র শাখা হতে একটি কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে।

১। বাল্যবিবাহ প্রতিরোধ : বাংলাদেশ সরকার জাতিসংঘের ঘোষিত MDG এর ৮টি লক্ষ্যমাত্রার মধ্যে বাল্যবিবাহ ও পুষ্টির অভাব শতভাগ পূরণ করতে সক্ষম হয়নি। ফলে ২০১৫-২০৩০ সালের জন্য ঘোষিত SDG5 এ উল্লেখিত লক্ষ্যমাত্রা পূরণে সরকার বাল্যবিবাহ নিরোধে ব্যাপক গুরুত্ব দিয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরে নিম্নলিখিত কার্যক্রম গৃহীত হয়েছে:

- মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টার সভাপতিত্বে বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত একটি কমিটি রয়েছে। এই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সমাজের সাধারণ মানুষের মাঝে বিশেষ করে মহিলা, স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র শিক্ষক ও মসজিদের ইমামদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠক এবং অবহিতকরণ সভা, মানববন্ধন, আলোচনা সভা অনুষ্ঠান করা। এছাড়া অধিদপ্তরে অনুষ্ঠিত বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

- বাল্যবিবাহ পড়ানো হবে না মর্মে কাজী ও পুরোহিতদের নিকট থেকে অঙ্গীকার নামা গ্রহণ, ভিডিও প্রদর্শনী, ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়।
- বাল্যবিবাহ রোধে মাঠ পর্যায় হতে মাসিক তথ্য সংগ্রহ ও সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ করা হয়।
- জুলাই'২০ হতে জুন'২১ পর্যন্ত মোট ১৫৭৭ জন শিশু বাল্যবিবাহ হতে পরিত্রাণ পেয়েছে। উক্ত শিশুদের নাম ও ঠিকানা জেলা/ উপজেলা হতে প্রাপ্ত তথ্য সন্নিবেশিত করে প্রতিমাসে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

২। কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধ:

- কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য আদালতের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন এর আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরে একটি Complaint কমিটি রয়েছে।
- অধিদপ্তরের নীচ তলায় একটি অভিযোগ বাক্স রাখা হয়েছে।
- সংরক্ষিত অভিযোগ বাক্সটির অবস্থান সম্পর্কে সকলকে জানানোর লক্ষ্যে ভবনের প্রতি তলায় ছোট নির্দেশক চিহ্ন সম্বলিত বোর্ড স্থাপন করা হয়েছে।
- অভিযোগকারী লিখিতভাবে অভিযোগ প্রদান করতে পারেন।
- Complaint কমিটির সভা প্রতি দুই মাস পর পর অনুষ্ঠিত হয়।
- ৬৪টি জেলার উপপরিচালকের কার্যালয়ে Complaint কমিটি গঠন করা হয়েছে।

৩। অটিজম বিষয়ক :

- মহিলা বিষয়ক অধিদপ্তরে অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ক একটি সেল গঠন করা হয়েছে।

● মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি, কিশোর-কিশোরী ক্লাব কর্মসূচির প্রশিক্ষণ মডিউলসহ অন্যান্য সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির উপকারভোগীদের প্রশিক্ষণ কর্মসূচির উঠান বৈঠকে অটিজম বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে।

● মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ একাডেমী কর্তৃক আয়োজিত মনো সামাজিক কাউন্সিলিং প্রশিক্ষণ কর্মসুচির মাধ্যমে এ পর্যন্ত ২৩৭ জন জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ে অবহিত করা হয়েছে।

● অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ক জুলাই'২০ হতে জুন'২১ পর্যন্ত ৮০১৮টি উঠান বৈঠকের মাধ্যমে ৪,২৪,১৯০ জন উপকারভোগীকে সচেতন করা হয় ।

● মাঠ পর্যায় হতে অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ক তথ্য সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

৪। মানব পাচার প্রতিরোধ:

● মানব পাচার প্রতিরোধে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ উপকারভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে আলোচনা সভা ও উঠান বৈঠক করেন। মানব পাচার প্রতিরোধে মাঠ পর্যায় হতে মাসিক তথ্য সংগ্রহ ও সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

● মানব পাচার প্রতিরোধ সম্পর্কে জুলাই'২০ হতে জুন'২১ পর্যন্ত ১৬,৬৫০টি উঠান বৈঠকের মাধ্যমে ৮,৬৩,৪৭০ জন উপকারভোগীকে সচেতন করা হয় ।

৫। জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সংক্রান্তঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১১/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) এর সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির (বিস্তারিত) প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রেরণ করা হয়। পরবর্তী সভা আহ্বানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়েছে।

৭। মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার বিশেষ উদ্যোগ এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ক:

● ''শেখ হাসিনার বিশেষ উদ্যোগ" এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ে অত্র অধিদপ্তরে বিগত ২১/০১/২০২১ তারিখে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে সদস্য সচিব হিসেবে উপপরিচালক, পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি দায়িত্ব পালন করছেন।

● উক্ত কমিটির কার্যক্রম বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির কর্মপরিধিতে উল্লেখ রয়েছে যে, কমিটি ডকুমেন্টরী ফিল্ম, পোষ্টার, লিফলেট, বিলবোর্ড, ফেষ্টুন, ব্রুশিয়ার ইত্যাদি কার্যক্রম প্রণয়ন ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

৮। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে গৃহীত কার্যক্রমসমূহ:

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে ১৭ মার্চ'২০২০ হতে ১৬ ডিসেম্বর'২০২১ পর্যন্ত সময়কে মুজিববর্ষ ঘোষণা করা হয়েছে। জাতির পিতার জন্মশত বার্ষিকী উদযাপনের লক্ষ্যে অত্র শাখা হতে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। যা নিম্নরুপ-

● মুজিব বর্ষের লোগো ব্যবহারের নির্দেশনা প্রদান।
● মুজিব বর্ষ সম্বলিত কোটপিন তৈরী ও বিতরণ ।
● মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল কার্যালয়ের জন্য অভিন্ন খাম, কলম ও নোট প্যাড তৈরী ও বিতরণ ।
● অধিদপ্তরের প্রতি ফ্লোরে নারী উন্নয়নে বঙ্গবন্ধুর অবদান, ছবি, উক্তি ও বাণী ডিসপ্লে।
● ভবনের নীচ তলায় একটি LED TV স্থাপন ।

বিভিন্ন দিবস উদযাপন

নারী উন্নয়নে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার মাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে সামাজিক জনসচেতনতা বৃদ্ধিকল্পে নারী ইস্যুভিত্তিক ও গুরুত্বপুর্ণ বিষয়াদি তৃণমূল পর্যায়েও গণমাধ্যমে প্রচার করা হয়ে থাকে। জাতীয় পর্যায়ে এবং সদর কার্যালয়সহ ৬৪টি জেলা ও জেলাধীন উপজেলা, বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্র ও মহিলা সহায়তা কর্মসূচী সমূহে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ উদযাপন করা হয়।

১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাৎ বার্ষিকী ২০২০

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাৎ বার্ষিকীতে মহিলা বিষয়ক অধিদপ্তর পরিবার গভীরভাবে শোকাহত। জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে মহিলা বিষয়ক অধিদপ্তর পরিবার, প্রধান কার্যালয়সহ ৬৪ জেলা ও জেলাধীন উপজেলাগুলোর মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নিম্নবর্ণিত অনুষ্ঠানমালার আয়োজন করা হয়।

১৫ আগস্ট সূযোর্দয়ের সাথে সাথে মহিলা বিষয়ক অধিদপ্তর ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।

১৫ আগষ্ট সকাল ৭:৩০ থেকে কোরআনখানি, ১ মিনিট নিরবতা পালন, কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মন্ত্রণালয়ের সাথে একত্রিত হয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পন করা হয়।।

কোভিড-১৯ এর কারণে মন্ত্রণালয় এবং দপ্তর সংস্থা একত্রিত হয়ে বাংলাদেশ শিশু একাডেমীতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কামরুন নাহার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জনাব বদরুন নেছা।

জাতীয় কন্যা শিশু দিবস

‘‘জাতীয় কন্যা শিশু দিবস’’ উদযাপন উপলক্ষে আলোচনা সভা, মানব বন্ধন, র‍্যালী ও মহিলা বিষয়ক অধিদপ্তরে ভার্চুয়ালী আলোচনা সভার আয়োজন করা হয়। কন্যা শিশু দিবস উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জনাব পারভীন আখতার

এছাড়া ‘‘জাতীয় কন্যা শিশু দিবস’’ উপলক্ষে জেলা, উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়।

বেগম রোকেয়া দিবস

নারী শিক্ষা সম্প্রসারণ ও নারী মুক্তির অগ্রদূত বেগম রোকেয়ার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর ৯ ডিসেম্বর ২০২০ তারিখ বেগম রোকেয়া দিবস ২০২০ উদযাপন করে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে সকাল ১০:০০ টায় বাংলাদেশ শিশু একাডেমীতে বেগম রোকেয়া পদক, ২০২০ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কাজী রওশন আক্তার।

অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনা নারীর অগ্রযাত্রায় অবদানের জন্য ৫ (পাঁচ) জন বিশিষ্ট নারীকে 'বেগম রোকেয়া পদক, ২০২০' সম্মাননা প্রদান করেন। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহান বিজয় দিবস

''মহান বিজয় দিবস'' ২০২০ উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয় এবং প্রধান কার্যালয়ে দিবসটি উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাল্টিপারপাস (৫ তলা) হলরুমে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ে জেলা এবং জেলাধীন উপজেলায় জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

আন্তর্জাতিক নারী দিবস

আন্তর্জাতিক নারী দিবস নারী সমাজের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে এক অনন্য দিন।

৮ মার্চ সকাল ১০:০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ০৫ (পাঁচ)জন জয়িতাকে জয়িতা সম্মাননা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা । সভাপতিত্ব করেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন Mia Seppo Country Representative, UN women.
স্বাগত ভাষণ প্রদান করেন মাননীয় সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সারা দেশব্যাপি দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রাঙ্গে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপদযাপনের লক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা শ্রেষ্ঠ পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন -ফোকাস বাংলা নিউজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের সাথে সমন্বিতভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া জাতীয় পতাকা উত্তোলন এবং অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

এছাড়াও বাংলাদেশের ৬৪ টি জেলা ও জেলাধীন উপজেলা এবং ৭টি প্রশিক্ষণ কেন্দ্রে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে দিবসটি উদযাপন করা হয় ।

মহান স্বাধীনতা দিবস

‘‘২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস’’ ২০২১ উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয়। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ে জেলা এবং জেলাধীন উপজেলায় জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় প্রশাসনের সহায়তায় বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

মা দিবস

কোভিড-১৯ মহামারির কারণে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশক্রমে মা-দিবস উদযাপন স্থগিত রাখা হয়।

লাইব্রেরী

মহিলা বিষয়ক অধিদপ্তরের জনসংযোগ শাখায় সংযুক্ত লাইব্রেরিতে সংগৃহীত বিভিন্ন আইন বিষয়ক (চাকুরী বিধিবিধান, নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত আইন), প্রশিক্ষণ বিষয়ক, কম্পিউটার, জেন্ডার সংক্রান্ত তথ্য সম্বলিত বই পুস্তক মহিলা উন্নয়নমূলক কার্যক্রমে গুরুত্বপূর্ন অবদান রাখতে সক্ষম হচ্ছে। বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান, বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের চাহিদা মোতাবেক তথ্য প্রদান করা হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তর

মানব সম্পদ উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থান

জাতীয় মহিলা প্রশিক্ষণ উন্নয়ন একাডেমী

জাতীয় মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমী মহিলা বিষয়ক অধিদপ্তরের সুবিশাল কর্মকান্ড বাস্তবায়নে এবং কার্যক্রমের গতিশীলতা আনয়নে নিয়োজিত প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা কাযালয়, সকল চলমান কর্মসূচিতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের পেশাগত মান এবং কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করে থাকে। নারীর সার্বিক উন্নয়নে দক্ষতার কোনো বিকল্প নেই। সে বিবেচনায় তৃণমূল পর্যায়ে স্বল্প শিক্ষত, দুঃস্থ মহিলাদের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ জেলা ও উপজেলা কার্যালয়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্র এবং ০৭ টি জেলায় আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে। যেখানে মহিলাদের আয়বর্ধক ও কারিগরী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

অনাবাসিক প্রশিক্ষণ :

১। **প্রধান কার্যালয় :** কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ : মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মরত কর্মকর্তা-কর্মচারিদের জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে ৭১৬ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বৃত্তিমূলক প্রশিক্ষণ : স্বল্প শিক্ষিত বেকার নারী কর্তৃক ফি প্রদানের মাধ্যমে ০৪(চার) মাস মেয়াদে দর্জি বিজ্ঞান, এমব্রয়ডারী, ব্লক-বাটিক এন্ড টাইডাই ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে ৪৩ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ২০২০-২১ অর্থবছরে কোভিড-১৯ ভাইরাস সংক্রমণের কারণে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ০৭টি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র এবং জেলাধীন উপজেলাসমূহের সকল প্রশিক্ষণ কেন্দ্রে ০২টি সেশনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা সম্ভব হয়নি।

কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র : অত্র দপ্তরের ৯ম তলায় অবস্থিত সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত উন্নতমানের ল্যাব ০৪(চার) মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়। ২০২০-২০২১ অর্থবছরে ২৬ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

২। **উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC)**

গ্রামীণ মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় পরিচালিত মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি। ৬৪ জেলার ১৩৬ টি উপজেলায় এ প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে। প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস। উপজেলা পর্যায়ে ৩০ জন স্বল্প শিক্ষিত এবং দু:স্থ মহিলাদের দর্জি বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০ টাকা হারে ভাতা প্রদান করা হয়।

আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র :

দেশের সার্বিক উন্নয়নে মহিলাদের অংশগ্রহণ আজ দৃশ্যমান। নারীর দক্ষতা উন্নয়ন এবং ক্ষমতায়নের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন ০৭ টি জেলায় ০৭ টি আবাসিক এবং ০১ টি অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের স্বল্প শিক্ষিত মহিলাদের কৃষি প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেডে নিরাপদ আবাসন ও নারী বান্ধব পরিবেশে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের হোস্টেলে বিনা খরচে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে।

১। শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী, গাজীপুর

নারীর দক্ষতা ও ক্ষমতায়নে এই প্রশিক্ষণ একাডেমী ১৯৯৮ সনে গাজীপুর জিরানীতে প্রতিষ্ঠিত হয়। দেশের বিভিন্ন জেলা থেকে আগত ১৮-৩৫ বৎসর বয়সী মহিলাদের বিউটিফিকেশন, মোবাইল ফোন সার্ভিসিং, কম্পিউটার অফিস এপ্লিকেশন, ড্রেস মেকিং এন্ড টেইলারিং এবং ইন্ডাষ্ট্রিয়াল সুইংমেশিন অপারেটর এন্ড মেইনটেনেন্স ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্ণিত ট্রেডসমূহে ৩মাসে (৪টি ব্যাচে) মোট ১৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের সময় প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ভাতা হিসেবে ৯০০ (নয়শত) টাকা প্রদান করা হয়। সকল ট্রেড কারিগরি শিক্ষা বোর্ডের সাথে এফিলিয়েটেড। ২০২০-২০২১ অর্থবছরে ২৪৮ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

মহিলা বিষয়ক অধিদপ্তর এবং বেসরকারী প্রতিষ্ঠানের এর যৌথ উদ্যোগে এ প্রশিক্ষণ কেন্দ্রে ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন অপারেশন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। প্রশিক্ষণের মেয়াদ ০৩ মাস এবং প্রত্যেক ব্যাচে ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রাপ্তদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে চাকুরীর ব্যবস্থা করা হয়ে থাকে।

২। গ্রামীণ মহিলাদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর (অনাবাসিক)

কৃষি ক্ষেত্রেও নারী সমাজ পিছিয়ে নেই। এ প্রশিক্ষণ কেন্দ্রে মহিলাদের সমন্বিত কৃষি ও মাছ চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতি ব্যাচে ১৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এই প্রতিষ্ঠানটি ১৯৯২ সনে যাত্রা শুরু করে। প্রতি ব্যাচে ১৫ জন করে ০৩ মাস মেয়াদে বছরে ০৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ চলাকলীন প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক ১০০/-(একশত) টাকা হারে ভাতা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে ৩০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

৩। মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র সাভার, জিরাবো, ঢাকা

দেশের বিভিন্ন জেলা থেকে আগত প্রশিক্ষণার্থীরা এখানে মাশরুম ও জৈব চাষাবাদ, পেষ্ট্রী এন্ড বেকারী প্রোডাক্ট, ড্রেস মেকিং এন্ড টেইলারিং, বেসিক কম্পিউটার এবং হর্টিকালচার এন্ড নার্সারী বিষয়ে হাতে কলমে প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। পেষ্ট্রী এন্ড বেকারী প্রোডাক্ট ট্রেডটি কারিগরি শিক্ষা বোর্ডের সাথে এফিলিয়েটেড। বর্ণিত ৫টি ট্রেড সমূহে ০৩ মাস ব্যাপি ০৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ভাতা হিসেবে ৯০০ (নয়শত) টাকা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে ১২০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। মহিলাদের কৃষি কাজে আরো বেশি উন্নত করার লক্ষ্যে সাভার জিরাবোতে বিগত ১৯৮৫ সনে এই প্রশিক্ষণ কেন্দ্রটি স্থাপিত হয় এবং ১৯৯১ সনে প্রতিষ্ঠানটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়।

৪। বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র, দিঘারকান্দা, ময়মনসিংহ

নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়া শাখাওয়াত হোসেনের নামে ১৯৯৫ সালে দিঘারকান্দা, ময়মনসিংহ এ বেগম রোকেয়া প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়। এ কেন্দ্রে হাউজ কিপিং এন্ড কেয়ার গিভিং, বিউটিফিকেশন, ড্রেস মেকিং এন্ড টেইলারিং (আবাসিক, অনাবাসিক) এবং কম্পিউটার অফিস এপ্লিকেশন ট্রেডে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের দক্ষ জনশক্তিরূপে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বিউটিফিকেশন ট্রেডটি কারিগরি শিক্ষা বোর্ডের এর সাথে এফিলিয়েটেড। প্রতি ব্যাচে ০৪ টি ট্রেডে ১৫০ করে ০৩ মাস মেয়াদে বছরে ০৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং

প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশক্ষণার্থীকে ভাতা হিসেবে ৯০০ (নয়শত) টাকা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে ১৬২ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন ।

৫। মহিলা কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউট, মোড়েলগঞ্জ, বাগেরহাট

খুলনা বিভাগের বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাতে এ প্রশিক্ষণ কেন্দ্রটি অবস্থিত। এ প্রশিক্ষণ কেন্দ্রটি ২০০০ সনে প্রতিষ্ঠিত হয়। এ কেন্দ্রে বিউটিফিকেশন, কম্পিউটার অফিস এপ্লিকেশন, ড্রেস মেকিং এন্ড টেইলারিং ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৩ টি ট্রেডই কারিগরি শিক্ষা বোর্ডের সাথে এফিলিয়েটেড। প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ভাতা হিসেবে ৯০০ (নয়শত) টাকা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে ১৫৯ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন । প্রতি ব্যাচে ১০০ জন করে ০৩ মাস মেয়াদে বছরে ০৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৬। মহিলা হস্তশিল্প এবং কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর

দিনাজপুর অঞ্চলে স্বল্প শিক্ষিত এবং শিক্ষিত নারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য ২০০৪ সনে এ প্রশিক্ষণ কেন্দ্রটি প্রতিষ্ঠিত হয় এবং ২০১২ সনে রাজস্বখাতে স্থানান্তরিত হয়। এ কেন্দ্রে আধুনিক গার্মেন্টস, ড্রেস মেকিং এন্ড টেইলারিং এবং বেসিক কম্পিউটার ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। ড্রেস মেকিং এন্ড টেইলারিং ট্রেডটি কারিগরি শিক্ষা বোর্ডের সাথে এফিলিয়েটেড। প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ভাতা হিসেবে ৯০০(নয়শত) টাকা প্রদান করা হয়। বছরে ০৪ টি ব্যাচে ৬০ জন করে ০৩ মাস মেয়াদে ০৩ টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে ১২০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন ।

৭। মা-ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ উন্নয়ন কমপ্লেক্স সারিয়াকান্দি, বগুড়া

নারীর দক্ষতা বৃদ্ধি ও উন্নয়ন কল্পে বগুড়া জেলাধীন সারিয়াকান্দি উপজেলায় মা-ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ উন্নয়ন কমপ্লেক্স ২০০০ সনে স্থাপন করা হয়েছে। ২০০৬ সনে এটি রাজস্বখাতভুক্ত হয়। এ কেন্দ্রে কনজিউমার ইলেক্ট্রনিক্স মটর সাইকেল সার্ভিস মেকানিক্স এবং ইলেক্ট্রিশিয়ান ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ভাতা হিসেবে ৯০০ (নয়শত) টাকা প্রদান করা হয়। প্রতি ব্যাচে ৫০ জন করে ০৩ মাস মেয়াদে বছরে ০৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়। বেসরকারী প্রতিষ্ঠানের সাথে MOU এর মাধ্যমে প্রশিক্ষণ পরিচালিত হয়।

৮। মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, সপুরা, রাজশাহী

রাজশাহী জেলার সদর উপজেলার সপুরায় মানব সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রটি ২০০১ সনে স্থাপন করা হয়েছে এবং ২০০৮ এর জুলাই মাস হতে রাজস্বখাতে স্থানান্তর হয়। এখানে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা প্রতিষ্ঠানের নেতৃবৃন্দের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগি প্রশিক্ষণ প্রাদন করা হয়। প্রশিক্ষণের মেয়াদ ০৫ দিন। ০৫ দিন ব্যাপী প্রশিক্ষণে প্রত্যেক প্রশিক্ষণার্থীর থাকা, খাওয়া ও প্রশিক্ষণ উপকরণ সরকার থেকে বহন করা হয় এবং প্রতি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যাতায়াত ভাতা প্রদান করা হয়। বছরে ১৪ ব্যাচে ৬০ জন করে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে ২১৩ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

এছাড়া এ প্রশিক্ষণ কেন্দ্রে ০৫ দিন মেয়াদে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩য় শ্রেণি কর্মচারীদের স্টাফ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়। ২০২০-২০২১ অর্থবছরে ৩৪ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন ।

স্মারণী

(জুলাই ২০২০ থেকে জুন ২০২১)

প্রশিক্ষণ/ উদ্যোগী সংস্থার নাম	প্রশিক্ষণের বিষয়	আসন সংখ্যা	কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীরে সংখ্যা
জাতীয় মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা	বৃত্তিমূলক প্রশিক্ষণ	২৭০	-	৬৯ জন
	ই-ফাইলিং			৯৫ জন
	ই-ফাইলিং রিফ্রেসার্স			১৩৩ জন
	চাকরি বিধানাবলী প্রশিক্ষণ			৫০ জন
	পিপি এ ২০০৬ এবং পিপিআর ২০০৮ বিষয়ক প্রশিক্ষণ			৬৮ জন
	শুদ্ধাচার ও কর্মপরিকল্পনা প্রশিক্ষণ			৪২ জন
	এপিএ (বার্ষিক কর্মপরিকল্পনা চুক্তি) প্রশিক্ষণ			৪২ জন
	অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ			৪৫জন
	গুড গভর্নেস প্রশিক্ষণ			২৫ জন
	উদ্যোক্ত উন্নয়ন প্রশিক্ষণ			২৫ জন
	দূর্যোগ মোকাবেলা এবং ব্যস্থাপনা প্রশিক্ষণ			২৫ জন
	এস,ডি,জি প্রশিক্ষণ			৫০ জন
	শিষ্টাচার ও আচারণ বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ			২৫ জন
	আইন বিষয়ক প্রশিক্ষণ			৪৬ জন
অন্যান্য প্রতিষ্ঠান	উদ্ভাবন ও সেবা সহজীকরণ			০৪ জন
	Public Procurement Management প্রশিক্ষণ			০১ জন
	Leadership and Strategic Planing (11th batch প্রশিক্ষণ			০১ জন
	Capacity Building Training for the Officials of the Ministry of Commerce on the Trade policy and Regulatory Framework প্রশিক্ষণ			০১ জন
	Sampling Data Collection and Questionnaire Development including administrative data প্রশি:			০১ জন
	মানুষের জন্য ফাউন্ডেশন এবং কর্মজীবী নারী যৌথভাবে জেন্ডার এন্ড উইমেন হিউম্যান রাইটস			০১ জন
	ওয়েব পোর্টাল বিষয়ক প্রশিক্ষণ			০১ জন
	Health Sector Response to Gender Based Violence (GBV)			১৬ জন
	দিপ্ত-এ ফাউন্ডেশন ফর জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট কর্তৃক আয়োজিত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কর্মসূচি বিষয়ক ধারণা এবং কর্মকান্ড সম্পর্কিত প্রশিক্ষণ			১০ জন
	নারী গৃহকর্মী সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ: আমাদের করণীয় প্রশিক্ষণ			০৪ জন
	Disaster Impact Assessment (DIA) এবং Digital Risk Information Platform (DRIP)			০১ জন
	Project Planing and Management (PPM)			০১ জন
	International Organizational for Migration (IOM) Bangladesh			০২ জন
	PPR 2008 and Public Procurement Management			০১ জন
			উপমোট=	৭৮৫ জন

প্রশিক্ষণ/ উদ্যোগী সংস্থার নাম	প্রশিক্ষণের বিষয়	আসন সংখ্যা	কোর্সের সংখ্যা	অংশগ্রহণকারীরে সংখ্যা
প্রধান কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা	১। দর্জি বিজ্ঞান ২। ব্লক, বাটিক এন্ড টাইডাই ৩। এমব্রয়ডারী	৩০ ৩০ ৩০	০৩টি	২৪ জন ১২ জন ৭ জন
	১। কম্পিউটার বেসিক উইন্ডোস অপারেশন এবং অনলাইন আউটসোর্সিং টেকনিক	২০	০৩টি	২৬ জন
			উপমোট=	৬৯ জন
শহীদ শেখ ফজিলাতুন নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী,গাজীপুর (আবাসিক)	১। বিউটিফিকেশন ২। মোবাইল ফোন সার্ভিসিং ৩। কম্পিউটার অফিস এপ্লিকেশন ৪। ড্রেস মেকিং এন্ড টেইলারিং ৫। ইন্ডষ্ট্রিয়াল সুইংমেশিন অপারেটর এন্ড মেইনটেনেন্স	৩০ ১০ ৬০ ৩০ ৩০	০৪টি	৩৯ জন ৬১ জন ৭৬ জন ৪৫ জন ২৭ জন
গ্রামীণ মহিলাদের কৃষি ভিত্তিক প্রশিক্ষন কেন্দ্র জিরানী,গাজীপুর (অনাবাসিক))	১। সম্বলিত কৃষি ও মৎস্য চাষ	১৫	০৪টি	৩০ জন
মহিলা কৃষি প্রশিক্ষন কেন্দ্র, জিরাবো, সাভার, ঢাকা (আবাসিক)	১। মাশরুম ও জৈব চাষাবাদ ২। পেষ্ট্রি এন্ড বেকারী প্রোডাক্ট ৩। ড্রেস মেকিং এন্ড টেইলারিং ৪। বেসিক কম্পিউটার ৫। হর্টিকালচার এন্ড নার্সারী	১৫ ১৫ ১০ ১০ ১০	০৪টি	২০ জন ৩০ জন ৩০ জন ৪০ জন -
বেগম রোকেয়া প্রশিক্ষন কেন্দ্র, ময়মনসিংহ (আবাসিক)	১। হাউজ কিপিং এন্ড কেয়ার গিভিং ২। বিউটিফিকেশন ৩। আধুনিক গার্মেন্টস, (অনাবাসিক) ৪। কম্পিউটার অফিস এপ্লিকেশন	২৫ ২৫ ৫০ ২৫	০৪টি	২৭ জন ২৭ জন ৫১ জন ৫৭ জন
মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (আবাসিক)	১। আধুনিক গার্মেন্টস, ২। ড্রেস মেকিং এন্ড টেইলারিং ৩। বেসিক কম্পিউটার	২০ ৩০ ১০	০৪টি	৫০ জন ৪০ জন ৩০ জন
মহিলা কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউট,বাগেরহাট (আবাসিক)	১। বিউটিফিকেশন ২। কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩। ড্রেস মেকিং এন্ড টেইলারিং	৩০ ৩০ ৩০	০৪টি	৩৯ জন ৫৯ জন ৬১ জন
মা-ফাতেমা (রা:) মহিলা প্রশিক্ষণও উন্নয়ন কমপ্লেক্স , সারিয়াকান্দি,বগুড়া (আবাসিক)	১। কনজিউমার ইলেকট্রনিক্স ২। মোটর সাইকেল সার্ভিস মেকানিক্স ৩। ইলেকট্রিশিয়ান	২০ ১০ ২০	০৪টি	-
মানবসম্পদ উন্নযন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী, (আবাসিক)	১। স্বেচ্ছাসেবি মহিলা নেতৃবৃন্দের স্বক্ষমতা বিকাশ প্রশিক্ষণ ২। অধিদপ্তরের জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারিদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ			২১৩ জন ৩৪ জন
	উপমোট=			১০৮৬ জন
মহিলা বিষয়ক অধিদপ্তরের ৬৪ জেলাধীন ১৩৬ টি উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মহিলা প্রশিক্ষণ কেন্দ্র,	দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী	৩০	০৪টি	৮১৬০ জন
			উপমোট=	৮১৬০ জন
			সর্বমোট=	১০,১০০ জন

- ২০২০-২১ অর্থবছরে কোভিড-১৯ ভাইরাস সংক্রমণের কারণে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ০৭ টি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র এবং জেলাধীন উপজেলাসমূহের সকল প্রশিক্ষণ কেন্দ্রে ০২ টি সেশনে প্রশিক্ষণ কাযক্রম পরিচালনা করা সম্ভব হয়নি।

দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি

মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ‘‘মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম-এর মাধ্যমে দুঃস্থ ও অসহায় মহিলাদের মাঝে ক্ষুদ্রঋণের অর্থ বিতরণ করা হয়ে থাকে। ঋণের অর্থ দিয়ে দুঃস্থ ও অসহায় মহিলাদের বিভিন্ন আয়বর্ধক কর্মসূচি যেমন-সেলাই মেশিন ক্রয়, গরু-ছাগল ও হাঁস-মুরগী পালন, ক্ষুদ্র ব্যবসা, মৎস্য চাষ, নার্সারী ইত্যাদি কাজ করে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০০৩-০৪ অর্থ বছর থেকে ২০২০-২০২১ অর্থ বছর পর্যন্ত দেশের ৬৪টি জেলার আওতাধীন ৪৮৯টি উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ কার্যক্রমের মাধ্যমে শুরু হতে চলতি অর্থ বছর পর্যন্ত মোট ১,৪৫,৩৬১ জন দুঃস্থ ও অসহায় মহিলার মধ্যে ঘূর্ণায়মানাকারে ১৪৯০১.৭১ (একশত ঊনপঞ্চাশ কোটি এক লক্ষ একাত্তর হাজার) টাকা বিতরণ করা হয়েছে এবং ১১৭২৪.৬৫ (একশত সতের কোটি চব্বিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৭৮.৬৮%।

‘‘মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম-এর ২০২০-২০২১ অর্থবছরের অগ্রগতির তথ্য নিম্নে প্রদত্ত হল। (লক্ষ টাকায়)

প্রতিষ্ঠানের নাম	অর্থ বছর	মোট বরাদ্দ	মোট বিতরণ	মোট আদায়	আদায়ের হার	উপকারভোগী	মন্তব্য
‘‘মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম’’	২০২০-২০২১	৩০০.০০	১১১৭.১১	৭৩২.৩৫	৬৫.৫৫%	৭৯০০ জন	

চাকুরী বিনিয়োগ তথ্য
(Employment Information Center)

কার্যক্রমের বিবরণ:

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন চাকুরী বিনিয়োগ তথ্য কেন্দ্রে শিক্ষিত-স্বল্পশিক্ষিত, দক্ষ-অদক্ষ চাকরি প্রত্যাশী নারীদের নাম নিবন্ধনপূর্বক বিভিন্ন প্রতিষ্ঠানে শূন্য পদের বিপরীতে তাদের আবেদনপত্র প্রেরণ করা হয়। চাকুরী বিনিয়োগ তথ্য কেন্দ্রের মাধ্যমে চাকরি প্রত্যাশী নারীদের চাকরি প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করা হয়।

ক্র:নং	কার্যক্রম	সময়কাল	মন্তব্য
১।	নিবন্ধিত নারীর সংখ্যা - ০৫ জন	জুলাই ২০২০- জুন ২০২১	
২।	বিভিন্ন প্রতিষ্ঠানে প্রেরিত নিবন্ধিত নারীর আবেদন পত্রের সংখ্যা		
৩।	যে সকল প্রতিষ্ঠানে নিবন্ধিত মহিলাদের আবেদন পত্র প্রেরণ করা হয়েছে তার সংখ্যা		
৪।	চাকরি প্রাপ্তির তথ্য প্রদানকারী নারীর সংখ্যা		

বিশ্বব্যাপী কোভিড-১৯ এর মহামারীর কারণে ২০২০-২১ অর্থবছরের বেশিরভাগ সময়ে অফিস বন্ধ থাকায় নিবন্ধনের সংখ্যা কম হয়েছে।

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম

মহিলা বিষয়ক অধিদপ্তর

নারী নির্যাতন প্রতিরোধ সেল

মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ১৯৮৬ সালে নির্যাতনের শিকার নারীদের আইনগত পরামর্শ ও সহায়তা প্রদানের লক্ষ্যে ১ জন আইন কর্মকর্তার সমন্বয়ে ৪টি পদ নিয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নারী নির্যাতন প্রতিরোধ সেলের কার্যক্রম শুরু হয়। ১৯৮৬ সালে নারী নির্যাতন প্রতিরোধ কার্যক্রম জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সম্প্রসারিত হয়। ইউনিয়ন পর্যায়েও নারী নির্যাতন প্রতিরোধ কমিটি গঠন করা হয়।

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি এবং প্রতিরোধ সেল কাঠামো



মহিলা সহায়তা কর্মসূচি



মহিলা সহায়তা কর্মসূচি

মহিলা বিষয়ক অধিদপ্তর এর অধীনে মহিলা সহায়তা কর্মসূচী শীর্ষক কার্যক্রম দেশের ৬ টি বিভাগীয় শহরে (ঢাকা, চট্রগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট) পরিচালিত হচ্ছে। এ কর্মসূচীর অধীনে বিভাগীয় পর্যায়ে ২টি কার্যক্রম রয়েছে। যথা- ক) **নারী নির্যাতন প্রতিরোধ সেল** খ) **মহিলা সহায়তা কেন্দ্র।**

ক) **নারী নির্যাতন প্রতিরোধ সেল** : এই সেলের মাধ্যমে দেশের দু:স্থ, অসহায় ও নির্যাতিত মহিলাদের বিনা খরচে আইনগত সহায়তা প্রদান করা হয়। কাউন্সিলিং এর মাধ্যমে নির্যাতনের শিকার নারীদের বিভিন্ন ধরনের পারিবারিক কলহ মিমাংসা, পারিবারিক সম্পর্ক পুনঃস্থাপন, স্ত্রী ও সন্তানের ভরনপোষণ আদায়, তালাকপ্রাপ্ত মহিলাদের দেনমোহর ও সন্তানের ভরণপোষণ আদায়ের মাধ্যমে মহিলাদের আইনগত সহায়তা প্রদান করা হয়। কাউন্সিলিং এর মাধ্যমে যে সকল অভিযোগ নিষ্পত্তি করা সম্ভব হয় না, নির্যাতিত মহিলাদের পক্ষে সেলের আইনজীবির মাধ্যমে আদালতে মামলা পরিচালনা করা হয়।

খ) **মহিলা সহায়তা কেন্দ্র** : এই কেন্দ্রের মাধ্যমে নির্যাতিতা ও আশ্রয়হীন মহিলাদের বিনা খরচে অভিযোগ/মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ৬(ছয়) মাস, বিশেষ প্রয়োজনে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে ৩ মাস এবং মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আরো ৩ (তিন) মাস মোট ১ (এক) বছর অনুর্ধ ১২ বছরের দুটি সন্তানসহ আশ্রয় প্রদান করা হয়। পাশাপাশি বিনামূল্যে তাদের খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও প্রাথমিক শিক্ষা প্রদান সহ সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কেন্দ্রে অবস্থানকালীন বিনা খরচে বিভিন্ন ট্রেডে (সেলাই, কাটিং, উল নিটিং ও এমব্রয়ডারি) প্রশিক্ষণ প্রদান করা হয়।

বিভাগীয় কার্যালয়, মহিলা সহায়তা কর্মসূচি
বাস্তব অগ্রগতি (জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত)

ক্রমিক নং	বিভাগীয় কার্যালয়	আইনি সহায়তা (টি)	আশ্রয় প্রদান (জন)	মোট সহায়তা প্রদান (টি)
১	ঢাকা	২১৫	২৪	২৩৯
২	চট্রগ্রাম	১৯২	৮	২০০
৩	রাজশাহী	১২৪	৩০	১৫৪
৪	খুলনা	১৫৩	১২	১৬৫
৫	বরিশাল	২৩১	১৫	২৪৬
৬	সিলেট	৯৪	১৩	১০৭

বিভাগীয় কার্যালয়ের কার্যক্রমের অগ্রগতির লেখচিত্র



মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর

১.	কর্মসূচির নাম	:	**মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর।**
২.	মন্ত্রণালয়/বিভাগ	:	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	মহিলা বিষয়ক অধিদপ্তর।
৪.	অবস্থান	:	**গাজীপুর জেলাধীন জয়দেবপুর উপজেলার মোগরখাল মৌজায় নিজস্ব ভবন।**
৫.	অবস্থানকারী হেফাজতীদের ধরণ	:	মূলত আদালত হতে প্রেরিত বিভিন্ন মামলার ভিকটিম/হেফাজতীগণ (বাড়ী হতে পালায়ন, হারানো, ধর্ষন, হত্যা মামলার স্বাক্ষী ও অন্যান্য মামলা) কেন্দ্রে হেফাজতী হিসাবে অবস্থান করেন।
৬.	কেন্দ্রের ধারন ক্ষমতা	:	আদালত হতে প্রেরিত ১০০ জন হেফাজতীর ধারন ক্ষমতা এ কেন্দ্রের রয়েছে। তিন তলা বিশিষ্ট ডরমেটরী ভবণের ২য় ও তৃতীয় তলায় সর্বমোট ২০ টি রুমে ০৫ জন করে বর্তমানে মোট ১০০ জন হেফাজতী অবস্থানের সুযোগ রয়েছে।
৭.	উদ্দেশ্য	:	➢ হেফাজতী মহিলা, শিশু ও কিশোরীদের বিচারকালীন সময়ে নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা করা। ➢ বিনা মূলে খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা ও বিনোদনের ব্যবস্থা করা। ➢ নির্ধারিত শুনানীর দিনে নিরাপত্তার সাথে কোর্টে হাজির করা এবং কোর্ট হতে আবাসন কেন্দ্রে ফেরত আনা। ➢ আশ্রয়কালীন সময়ে তাদের দক্ষ জনসম্পদে উন্নীত করার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি করা। ➢ কেন্দ্রে অবস্থানকালীন সময়ে শারীরিক ও মানসিক চিকিৎসা সহ সম্ভব্য আইনগত সহায়তা প্রদান করা । ➢ মহিলা ও শিশুদের মানবাধিকার সমুন্নত রাখা।
৮.	প্রদত্ত সেবা সমূহ	:	➢ আদালত কর্তৃক প্রেরিত হেফাজতীদের বিচার চলাকালীন সময়ে আবাসন কেন্দ্রে আশ্রয়ের ব্যবস্থা করা হয়। ➢ নির্ধারিত শুনানীর দিনে নিজস্ব যানবাহনে পর্যাপ্ত পুলিশ প্রহরা সহ নিরাপত্তার সাথে কোর্টে হাজির করা এবং কোর্ট হতে আবাসন কেন্দ্রে ফেরত আনা হয়। ➢ আবাসন কেন্দ্রে অবস্থানকালীন সময়ে বিনা মূল্যে খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা ও বিনোদনের ব্যবস্থা করা হয়। ➢ বিশেষ বিশেষ দিবসে হেফাজতীদের বিশেষ খাবার পরিবেশন করা হয়। ➢ আশ্রয়কালীন সময়ে তাদের দক্ষ জনসম্পদে উন্নীত করার লক্ষ্যে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়। ➢ হেফাজতীদের কাউন্সেলিং এর মাধ্যমে সচেতনতা বৃদ্ধি ও মানসিক চিকিৎসার ব্যবস্থা করা হয়।
৯.	জনবল	:	প্রকল্প কালীন নিয়োগকৃত ও প্রেষনে নিযুক্ত মহিলা বিষয়ক অধিদপ্তরের ০৯ জন কর্মকর্তা/কর্মচারী এবং আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত ০৯ জন জনবল দ্বারা আবাসন কেন্দ্রটি পরিচালিত হচ্ছে।
১০.	হেফাজতীদের অবস্থান	:	প্রকল্পকালীন সময় ২০০৩ হতে জুন/২০২১ পর্যন্ত মোট ২০৯২ জন হেফাজতীকে আশ্রয়, খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের জুলাই/২০২০ হতে জুন/২০২১ পর্যন্ত ৮৭ জন নতুন হেফাজতী আগমন ঘটেছে। অত্র কেন্দ্রে ২০২০-২০২১ অর্থবছরে প্রতিমাসে গড় ৩০-৩২ জন হেফাজতীকে আশ্রয়, খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রাতিষ্ঠানিক সুবিধা ও সেবা প্রদান

কর্মজীবী মহিলা হোস্টেল

কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের জন্য নির্মিত হোস্টেলসহ কর্মজীবী মহিলাদের আবাসন সুবিধা প্রদানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ৮টি কর্মজীবী মহিলা হোস্টেল পরিচালিত হচ্ছে। কর্মজীবী মহিলা হোস্টেলসমূহ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা এবং যশোরে অবস্থিত। ০৮টি কর্মজীবী মহিলা হোস্টেলে গেস্ট সিটসহ মোট সিট সংখ্যা ২,১২৩টি। ২০২০-২০২১ অর্থ বছরে ০৮টি কর্মজীবী মহিলা হোস্টেলে ১,৬৬০ জন কর্মজীবী মহিলাকে আবাসন সেবা প্রদান করা হয়েছে।

কর্মজীবী মহিলাদের শিশুদের জন্য দিবাযত্ন কেন্দ্র:

কর্মজীবী মহিলাদের শিশুদের (৬ মাস থেকে ৬ বছর পর্যন্ত) দিবাযত্ন সেবা প্রদানের মাধ্যমে মায়েদের স্ব-স্ব কর্মস্থলে নিশ্চিন্তে কাজ করার সুযোগ প্রদানের উদ্দেশ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর শিশু দিবাযত্ন কেন্দ্র পরিচালনা করছে। এই কেন্দ্রে সকাল ৮:৩০ থেকে বিকেল ৫:৩০ টা পর্যন্ত সেবা প্রদান করা হয়ে থাকে।

সেবার ধরণ:

শিশুদের পরিচ্ছন্ন রাখা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, শিশুদের সুষম খাবার (সকালের নাস্তা, দুপুরের খাবার এবং বিকেলের নাস্তা) প্রদান, প্রাক-স্কুল শিক্ষা প্রদান, ইনডোর খেলাধুলা ও চিত্তবিনোদনের সুবিধা প্রদানের পাশাপাশি তাদের শিষ্টাচার, পরিবেশ ও স্বাস্থ্য সংক্রান্ত জ্ঞান প্রদান। এখানে শিশুদেরকে মাতৃস্নেহে লালন পালন করা হয়ে থাকে। এছাড়া, চিত্তবিনোদনের জন্য টিভি রয়েছে।

রাজস্ব খাতে দু'ধরণের মোট ৪৩টি শিশু দিবাযত্ন কেন্দ্র রয়েছে।

ক) **নিম্নবিত্ত শিশু দিবাযত্ন কেন্দ্র :** নিম্নবিত্ত শিশু দিবাযত্ন কেন্দ্র রাজস্ব খাতে পরিচালিত হচ্ছে।

খ) **মধ্যবিত্ত শিশু দিবাযত্ন কেন্দ্র :** মধ্যবিত্ত শিশু দিবাযত্ন কেন্দ্র রাজস্ব খাতে পরিচালিত হচ্ছে।

ক্র: নং	কেন্দ্রের নাম	কেন্দ্রের ঠিকানা	বাজেট ২০২০-২০২১		আসন সংখ্যা	সেবা প্রদানের সংখ্যা (জন)	মন্তব্য
			মোট বরাদ্দ	মোট ব্যয়			
১)	কল্যাণপুর শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ি নং-৫/৩, রোড নং- ১৩, কল্যাণপুর, মিরপুর, ঢাকা।	১০,৯৭,১৭,৬০০/-		৮০	-	কোবিড-১৯ এর কারণে ২৬ মার্চ, ২০২০ হতে বর্তমান সময় পর্যন্ত ডে-কেয়ার সেন্টারের শিশু সেবা কার্যক্রম বন্ধ আছে।
২)	মোহাম্মদপুর শিশু দিবাযত্ন কেন্দ্র	১/৬-এ, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা।			৮০	-	
৩)	আজিমপুর শিশু দিবাযত্ন কেন্দ্র (নিম্ন:)	আজিমপুর অফিসার্স কলোনী, আজিমপুর, ঢাকা।			৮০	-	
৪)	মগবাজার শিশু দিবাযত্ন কেন্দ্র	৫৫৩, নয়াটোলা রোড, বড় মগবাজার, ঢাকা।			৮০	-	
৫)	রামপুরা শিশু দিবাযত্ন কেন্দ্র	১৬৭/এ, ওয়াপদা রোড, পশ্চিম রামপুরা, ঢাকা।			৮০	-	
৬)	যাত্রাবাড়ী (খিলগাঁও) শিশু দিবাযত্ন কেন্দ্র	খিলগাঁও পুর্নবাসন এলাকা 'এ' জোন (১১নং সরকারি স্টাফ কোয়াটার দক্ষিণ পাশে) খিলগাঁও, ঢাকা।			৮০	-	
৭)	ফরিদাবাদ শিশু দিবাযত্ন কেন্দ্র	১৯, লালমোহন পোদ্দার লেন, আইজি গেট, ঢাকা।			৮০	-	

ক্র: নং	কেন্দ্রের নাম	কেন্দ্রের ঠিকানা	বাজেট ২০২০-২০২১		আসন সংখ্যা	সেবা প্রদানের সংখ্যা (জন)	মন্তব্য
৮)	কামরাঙ্গীরচর শিশু দিবাযত্ন কেন্দ্র	৪৯, বড়গ্রাম, আলীনগর, চেয়ারম্যান বাড়ী, চৌরাস্তা, কামরাঙ্গীরচর, ঢাকা।			৮০	-	
৯)	টঙ্গী শিশু দিবাযত্ন কেন্দ্র	অভিযান-১০, ৩নং চেরাগআলী মাতবর রোড দক্ষিন আউচপাড়া, টঙ্গী, গাজীপুর।			৮০	-	
১০)	নারায়ণগঞ্জ শিশু দিবাযত্ন কেন্দ্র	১২৬/১১, উত্তর চাষাড়া , চানমারী, নারায়ণগঞ্জ।			৮০	-	
১১)	ফেনী শিশু দিবাযত্ন কেন্দ্র	হোল্ডিং নং ২১৩, এস, এস, কে রোড, ফেনী।			৮০	-	
১২)	ময়মনসিংহ শিশু দিবাযত্ন কেন্দ্র	চৌধুরী ম্যানসন, ৬৯, আকুয়া, ময়মনসিংহ।			৮০	-	
১৩)	বি-বাড়িয়া শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ি নং-৫০১, মাদারল্যান্ড হাউজ, মধ্যপাড়া, বি-বাড়িয়া।			৮০	-	
১৪)	ফরিদপুর শিশু দিবাযত্ন কেন্দ্র	৮৫, ভাটি লক্ষীপুর, ইয়াছিন সড়ক, কোতয়ালী, ফরিদপুর।			৮০	-	
১৫)	যশোর শিশু দিবাযত্ন কেন্দ্র	জে/১২, সেক্টর-৭, নতুন উপশহর, যশোর।			৮০	-	
১৬)	কুষ্টিয়া শিশু দিবাযত্ন কেন্দ্র	ঝিনাইদহ রোড, পূর্ব মজমপুর, সাদ্দাম বাজার (দারুস সেফা), কুষ্টিয়া।			৮০	-	
১৭)	পাবনা শিশু দিবাযত্ন কেন্দ্র	রোমেনা কটেজ, হোল্ডিং-১৪৮, সারা রোড, পৈলানপুর, পাবনা।			৮০	-	
১৮)	বগুড়া শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ী নং-১৮৫৮, সাং-ফুলবাড়ী দ: পাড়া, বকুলতলা, বগুড়া।			৮০	-	
১৯)	কুমিল্লা শিশু দিবাযত্ন কেন্দ্র	এ্যাডভোকেট কাশেম এর বাড়ী, পুরাতন মৌলভীপাড়া, চকবাজার, কুমিল্লা।			৮০	-	
২০)	দিনাজপুর শিশু দিবাযত্ন কেন্দ্র	হোল্ডিং নং-১২১/১৯৬৯, লালবাগ, দিনাজপুর।			৮০	-	
২১)	শ্রীমঙ্গল শিশু দিবাযত্ন কেন্দ্র	১৭/বি, শ্যামলী আবাসিক এলাকা, শ্রীমঙ্গল, মৌলভী বাজার।			৮০	-	
২২)	চট্রগ্রাম শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ী নং-৬১, রোড নং-০১, মোমেনবাগ আবাসিক এরাকা, হামজারবাগ, পাঁচলাইশ, চট্রগ্রাম।			৬০	-	
২৩)	রাজশাহী শিশু দিবাযত্ন কেন্দ্র	হোল্ডিং নং-৯২, নতুন ষ্টেডিয়াম রোড, রাজশাহী।			৬০	-	
২৪)	খুলনা শিশু দিবাযত্ন কেন্দ্র	৫ নং শেরে বাংলা রোড, খুলনা।			৬০	-	
২৫)	বরিশাল শিশু দিবাযত্ন কেন্দ্র	বি এম, কলেজ রো, বরিশাল।			৬০	-	
২৬)	সিলেট শিশু দিবাযত্ন কেন্দ্র	হোল্ডিং নং-১৩৪৯-০৫, আজিজ কটেজ, সেবক-২৩, রায়নগর, সিলেট।			৬০	-	
২৭)	মিরপুর-১০ শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ি নং-১১৯৬, পূর্ব মনিপুর, মিরপুর-২, ঢাকা।			৫০	-	
২৮)	সাভার শিশু দিবাযত্ন কেন্দ্র	মেহেদী প্যালেস, ৭/১ ব্লক-এ, ওয়ার্ড নং-৯, নামা গেন্ডা, সাভার, ঢাকা।			৫০	-	
২৯)	জিগাতলা শিশু দিবাযত্ন কেন্দ্র	হোল্ডিং নং-০৫, রোড নং-০৪, ঝাউচর বাজার, হাজারীবাগ, জিগাতলা, ঢাকা।			৫০	-	
৩০)	ডেমরা শিশু দিবাযত্ন	খাজা টাওয়ার, হোর্ডিং নং-২০০, হাজী			৫০	-	

ক্র: নং	কেন্দ্রের নাম	কেন্দ্রের ঠিকানা	বাজেট ২০২০-২০২১		আসন সংখ্যা	সেবা প্রদানের সংখ্যা (জন)	মন্তব্য
	কেন্দ্র	নাসির উদ্দিন, ১নং গেইট, কাজলারপাড়, ডেমরা রোড, ভাঙ্গা প্রেস, যাত্রাবাড়ী, ঢাকা।					
৩১)	আদাবর শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ি নং- ৫৩/৫৪, রোড নং-১৬, সুনিবিড় হাউজিং, আদাবর, ঢাকা।			৫০	-	
৩২)	বাড্ডা শিশু দিবাযত্ন কেন্দ্র	১১০৫, খিলবাড়িরটেক, বাড্ডা, ঢাকা।			৫০	-	
৩৩)	গাবতলী শিশু দিবাযত্ন কেন্দ্র	এ/৫৫, তৃতীয় কলোনী লালকুঠি, মিরপুর মাজার রোড, গাবতলী, ঢাকা।			৫০	-	
৩৪)	নাখালপাড়া শিশু দিবাযত্ন কেন্দ্র	প্রধানমন্ত্রীর কার্যালয় সংলগ্ন (সংসদ সদস্যদের বাসভবন কক্ষ নং-২১ ও ২২), নাখালপাড়া, ঢাকা।			৫০	-	
৩৫)	প্লানিং কমিশন শিশু দিবাযত্ন কেন্দ্র	প্লানিং কমিশন চত্বর, আগারগাঁও, ঢাকা।			৫০	-	
৩৬)	রাজারবাগ শিশু দিবাযত্ন কেন্দ্র	রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা।			৫০	-	
৩৭)	উত্তরা শিশু দিবাযত্ন কেন্দ্র	বাড়ি নং-৬/এ, রোড নং-২/বি, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।			৫০	-	
৩৮)	সচিবালয় শিশু দিবাযত্ন কেন্দ্র	ভবন নং-১০, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।			৫০	-	
৩৯)	আজিমপুর শিশু দিবাযত্ন কেন্দ্র (মধ্যবিত্ত)	আজিমপুর অফিসার্স কলোনী, ঢাকা।			৫০	-	
৪০)	এজিবি শিশু দিবাযত্ন কেন্দ্র	গ্যারেজ বিল্ডিং, ৩য় তলা, এজিবি, ঢাকা।			৫০	-	
৪১)	খিলগাঁও শিশু দিবাযত্ন কেন্দ্র	খিলগাঁও পুর্নবাসন এলাকা ‘এ’ জোন (১১নং সরকারি স্টাফ কোয়াটার দক্ষিণ পাশে) খিলগাঁও, ঢাকা।			৫০	-	
৪২)	মিরপুর শিশু দিবাযত্ন কেন্দ্র	টোলারবাগ, মিরপুর-১, ঢাকা (ডেল্টা মেডিক্যাল কলেজের পাশে)।			৫০	-	
৪৩)	মবিঅ শিশু দিবাযত্ন কেন্দ্র	৭ম তলা, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, মবিঅ, ঢাকা।			৫০	-	
			১০,৯৭,১৭,৬০০/-	-	**২৮৩০**	**-**	

- রাজস্ব খাতে পরিচালিত মধ্যবিত্ত ১০ টি দিবাযত্ন কেন্দ্রের মাসিক চাঁদা ৫০০/- টাকা, ভর্তি ফি ৫০০/- টাকা।
- রাজস্ব খাতে পরিচালিত ৩৩ টি নিম্নবিত্ত শিশু দিবাযত্ন কেন্দ্রের মাসিক চাঁদা ১০০/- টাকা, ভর্তি ফি ১০০/- টাকা।

উন্নয়ন প্রকল্প সহ অন্যান্য কার্যক্রম

মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের চলমান উন্নয়ন প্রকল্প সমূহ

১। **প্রকল্পের নামঃ "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প"**

প্রকল্পের কর্ম এলাকাঃ সমগ্র বাংলাদেশ

- ৪৩১টি উপজেলা পর্যায়ে (প্রতিটি উপজেলায় ২ (দুই) টি করে ট্রেড)।
- ৬৪ টি জেলা পর্যায়ে (প্রতিটি জেলায় ০১ (এক) টি করে ট্রেড)।
- ৮টি বিভাগীয় পর্যায়ে (০১ (এক) টি ট্রেড **মটর ড্রাইভিং**)।

প্রকল্পের উদ্দেশ্যঃ

মূল উদ্দেশ্যঃ দরিদ্র ও সুবিধাবঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল জনশক্তিতে রূপান্তর করে দারিদ্র বিমোচন ও উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করা। প্রকল্প মেয়াদে ৩,৮১,২৫০ জন মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা।

নির্দিষ্ট উদ্দেশ্যঃ

- ৩,৮১,২৫০ জন দরিদ্র ও সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান এবং মাইক্রো ক্রেডিট প্রোগ্রামের সাথে সংযোগ স্থাপন।
- প্রশিক্ষণার্থীদের জন্য কাজের ক্ষেত্র ও উৎপাদিত পণ্য বা সেবা বিপনণের সুযোগ তৈরী।
- দরিদ্র-সুবিধা বঞ্চিত মহিলাদের অধিকার ও সুযোগ-সুবিধা সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি করা ।

প্রকল্পের কার্যক্রমঃ"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প" এর মাধ্যমে দেশের দরিদ্র ও সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের ০৩ (তিন) মাস ব্যাপী প্রতি উপজেলায় ০২ (দুই) টি ট্রেডে ২৫+২৫=৫০ জন এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতি ব্যাচে ৩০ জন মহিলাদের নিম্নোক্ত ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণ সমাপনান্তে প্রশিক্ষণার্থীদের দৈনিক উপস্থিতির ভিত্তিতে (প্রতিদিন ২০০ টাকা করে) ৬০ কর্মদিবসে সর্বমোট ১২,০০০ টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।

আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ ট্রেডের তালিকাঃ

ক্রঃ নং	ট্রেডের নাম	মন্তব্য
১।	ফ্যাশন ডিজাইন	উপজেলা পর্যায়ে (প্রতি উপজেলায় ০২টি করে ট্রেড)
২।	বিউটিফিকেশন	
৩।	ভার্মি কম্পোস্ট , মাশরুম ও মৌচাষ	
৪।	শতরঞ্জি ও হস্তশিল্প	
৫।	ক্রিস্টাল শো পিছ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি)	
৬।	ফুড প্রসেসিং	
৭।	বেবি কেয়ার ও হাউজ কিপিং	
৮।	কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং	জেলা শহরে (০১টি করে ট্রেড)
৯।	কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রাম	
১০।	মোটর ড্রাইভিং	বিভাগীয় শহরে (০১টি করে ট্রেড)

প্রকল্পের মেয়াদ: জানুয়ারি-২০১৭ থেকে ডিসেম্বর-২০২২।

প্রকল্পের ২য় সংশোধিত প্রাক্কলিত ব্যয়: ৫৯১০৩.২৮ লক্ষ টাকা।

প্রকল্পের বাস্তব অগ্রগতিঃ

- প্রকল্পের শুরু থেকে (এপ্রিল-২০১৮ হতে মার্চ-২০২১ পর্যন্ত) ৪২৬ টি উপজেলায় সর্বমোট ১,৯০,৫৪০ জন মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- প্রকল্পের শুরু থেকে (মার্চ-২০১৮ হতে ডিসেম্বর-২০২০ পর্যন্ত) ৮ টি বিভাগীয় শহরে মটর ড্রাইভিং ট্রেডে ১৪৪০ জন এবং ৬৪ টি জেলা পর্যায়ে কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ট্রেডে ১১,৫২০ জন মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- প্রকল্পের শুরু হতে মার্চ-২০২১ পর্যন্ত সর্বমোট ২,০৩,৫০০ জন মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৫৩%।
- এপ্রিল-২০২১ হতে জুন-২০২১ সেশনে ৪২৬ টি উপজেলায় ১১তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে ০২ শিফটে (সকালে-১৩ জন ও বিকালে-১২ জন) করে চলমান রয়েছে। জুলাই-২০২১ হতে ৪৩১ টি উপজেলায় ১২তম ব্যাচ এবং ৮ টি বিভাগ ও ৬৪ টি জেলা পর্যায়ে ৭ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে।

প্রকল্পের আর্থিক অগ্রগতি:

- ২০২০-২০২১ অর্থ বছরে পুন:নির্ধারিত আরএডিপি বরাদ্দ ছিল ৯৫৩৯.০০ লক্ষ টাকা। জুন-২০২১ পর্যন্ত সম্ভাব্য ব্যয় হয়েছে ৮৬৮৭.৮৭ লক্ষ টাকা যা ৯৫৩৯.০০ লক্ষ টাকার প্রায় ৯১.০৮%।
- প্রকল্পের শুরু থেকে জুন-২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ২৭৩৬৬.৮০ লক্ষ টাকা যা প্রকল্প ব্যয় ৫৯১০৩.২৮ লক্ষ টাকার প্রায় ৪৬%।

আইজিএ প্রকল্পের আওতায় গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় ক্রিস্টাল শো পিছ ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম।

আইজিএ প্রকল্পের আওতায় যশোর জেলার শার্শা উপজেলায় ব্লক বাটিক ট্রেডের ব্যবহারিক প্রশিক্ষণ কার্যক্রম।

আইজিএ প্রকল্পের আওতায় চাঁপাইনবাবগঞ্জ জেলায় কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম।

২। প্রকল্পের নাম: কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে সোনার বাংলা গড়ার অন্যতম শক্তি আমাদের ভবিষ্যৎ প্রজন্ম, যারা আজকের এই কিশোর কিশোরী। অফুরন্ত সম্ভাবনায় ভরপুর কিশোর কিশোরীদের মহান মুক্তি যুদ্ধের চেতনা, দেশপ্রেম, নৈতিক শিক্ষা, শৃঙ্খলা ও দায়িত্ববোধে উজ্জীবিত হওয়ার দীক্ষা প্রদান করলে ক্রমঃঅগ্রসরমান অদম্য বাংলাদেশ হবে আগামী বিশ্বের বিস্ময়।
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় তরুণ প্রজন্মকে যুগোপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের উদ্দেশ্যঃ

সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর কিশোরীদের বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ করা এবং Sexual & reproductive Health and Rights (SRHR) বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের অবস্থানকে দৃঢ় করা। সেই সাথে ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দিয়ে কিশোর কিশোরীদের সম্পর্ককে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়ন করা।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের লক্ষ্যসমূহঃ

১। বাল্য বিবাহ প্রতিরোধকরা।
২। Sexual & reproductive Health and Rights (SRHR)এবং Gender Based Violence (GBV) বিষয়ক ঝুঁকি হ্রাস করা।
৩। ১০-১৯ বছর বয়সী এডোলোসেন্ট ইয়ংদের মধ্য SRHR / GBV প্রতিহত করার লক্ষ্যে অনুকূল ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ সৃষ্টি করা।
৪। ১০-১৯ বছর বয়সী কিশোর কিশোরীদের মনো-সামাজিক আচরণ, একে-অপরের প্রতিশ্রদ্ধাশীল সম্পর্ক, সমমনোভাবাপন্ন, SRHR প্রতিহত করণে দক্ষতা উন্নীতকরণ এবং GBV প্রতিরোধে বিভিন্ন ধরণের সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণ করা।
৫। ক্লাবের মাধ্যমে কিশোর-কিশোরীদের বিভিন্ন সৃজনশীল, গঠনমূলক ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রশিক্ষণ প্রদান করা এবং বিভিন্ন

প্রতিযোগিতার আয়োজন করা। এছাড়া ক্যারাটে প্রশিক্ষণ প্রদান করা হবে।

৬। ক্লাব ভিত্তিক বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রমের মাধ্যমে কিশোর কিশোরীরা সন্ত্রাসবাদ, মাদকাসক্তি, সমাজ বিরোধী কর্মকান্ড থেকে নিজেদের মুক্ত রাখাসহ অন্যদের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করা।

৭। প্রকল্পের আওতায় ৪৮৮৩টি ক্লাব স্থাপন করা হবে এবং ক্লাবের মাধ্যমে প্রকল্প মেয়াদে ৪৩৯৪৭০ জন কিশোর কিশোরীকে সুবিধা প্রদান করা হবে।

৮। প্রকল্পের আওতায় ২৯৪৬জন নারী উদ্যোক্তা তৈরী করা হবে।

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রমঃ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় সারাদেশে প্রতিটি ইউনিয়ন ও প্রতিটি পৌরসভায় একটি করে সর্বমোট ৪৮৮৩ টি (৪৫৫৩ টি ইউনিয়ন ও ৩৩০ টি পৌরসভা) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ক্লাবে ৩০ জন সদস্য থাকবে। এরমধ্যে ২০জন কিশোরী ও ১০ জন কিশোর রয়েছে। ক্লাব সদস্যদের বয়স ১০-১৯ বছর। বর্তমানে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাধ্যমে ১৪৬৪৯০ জন কিশোর কিশোরী সুবিধা ভোগ করতেছে। এর মধ্যে ৪৮৮৩০ জন কিশোর এবং ৯৭৬৬০ জন কিশোরী। ক্লাব কার্যক্রম পরিচালনার জন্য প্রতি জেলায় ২ জন করে ১২৮ জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ দেওয়া হয়েছে। এছাড়াও ১০৯৫ জন জেন্ডার প্রোমোটার, ৪৮৮৩ জন আবৃত্তি শিক্ষক ও ৪৮৮৩ জন সংগীত শিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে। এ ক্লাবের মাধ্যমে ক্লাব সদস্যদেরকে বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, জন্ম নিবন্ধন, বিবাহ নিবন্ধন, যৌতুক, ইভটিজিং, শিশু অধিকার, নারী অধিকার, জেন্ডার ভিত্তিক বৈষম্য, যৌন নির্যাতন ও নিপীড়ন প্রতিরোধ, পরিবার পরিকল্পনা, মাদকাসক্তি, নারী ও শিশু পাচার প্রতিরোধ, আইনি সহায়তা প্রদান, এইচ আইভি/এইডস প্রতিরোধ, ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কিশোর-কিশোরীদের সচেতনতা বৃদ্ধি করা হবে। সেই সাথে ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দিয়ে কিশোর-কিশোরীদের সম্পর্ককে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়নে বিভিন্ন কর্মসূচি প্রকল্প কার্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছরের কার্যাবলী:

১। কোভিড-১৯ পরবর্তী ১ফেব্রুয়ারী ২০২১ খ্রি: হতে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে পুনরায় ক্লাব কার্যক্রম চালু করা হয়। বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির মহামারী আকার ধারন করায় মন্ত্রিপরিষদ কর্তৃক ঘোষিত সাধারন ছুটি থাকায় ক্লাব কার্যক্রম বন্ধ ছিল। তবে ২৭/০৫/২০২১ খ্রি: তারিখে এডিপি সভার সিদ্ধান্ত অনুযায়ী ২৮/০৫/২০২১ তারিখ হতে স্বাস্থ্যবিধি মেনে ক্লাব কার্যক্রম চালু হয়েছে।

২। কিশোর কিশোরীদের পুষ্টির চাহিদা পূরণের জন্য ক্লাব পর্যায়ে ফেব্রুয়ারী/২০২১ হতেজুন/২০২১পর্যন্ত ক্লাবের নাস্তার বরাদ্দ উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর প্রেরণ করা হয়েছে।

৪। সিএমসি কমিটির সভা ব্যয় ও ক্লাব স্টেশনারীর বরাদ্দ উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর প্রদান করা হয়েছে।

৫। ক্লাবের ক্রীড়া সামগ্রী ও সাংস্কৃতিক উপকরণের বরাদ্দউপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর প্রদান করা হয়েছে।

৬। মাঠ পর্যায়ে ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানীর বরাদ্দকৃত অর্থ উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর প্রদান করা হয়েছে।

৭। জেন্ডার প্রোমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকগণের ফেব্রুয়ারী/২০২১ হতে জুন/২০২১ পর্যন্ত দৈনিক ভাতার বরাদ্দকৃত অর্থ উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর প্রদান করা হয়েছে।

৮। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আউটসোসিং পদ্ধতিতে জনবল নিয়োগ, মুদ্রণ ও বাঁধাই, অডিও ভিডিও/চলচ্চিত্র নির্মাণ, প্রচার ও বিজ্ঞাপন, বাইসাইকেল ক্রয়ের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে।

৯। ২০২০-২০২১ অর্থবছরে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের প্রধান কার্যালয়ের অফিস সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে।

১০। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের নিজস্ব ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে।

২০২০-২০২১অর্থবছরের অগ্রগতি (আর্থিক) **লক্ষ টাকায়**

	বরাদ্দ	অবমুক্তি (১৫% সংরক্ষণ	মোট ব্যয়	অবমুক্তকৃত টাকার%	বরাদ্দকৃত টাকার %	জুলাই/২০২০ থেকে জুন/২০২১ পর্যন্ত অবমুক্তকৃত টাকার ক্রম পুঞ্জিত অগ্রগতি
মোট	৬২৪৫.০০	৫৩০৮.০০	৫২৯৯.২৯	৯৯.৮৪	৮৪.৮৬	৯৯.৮৪%
জিওবি	৬২৪৫.০০	৫৩০৮.০০	৫২৯৯.২৯	৯৯.৮৪	৮৪.৮৬	৯৯.৮৪ %

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আর্থিক অগ্রগতিসমূহ নিম্নরূপঃ জুন-২০২১ পর্যন্ত

- প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ৫৫১৫৬.২৭ (লক্ষ টাকা) সম্পূর্ণ জিওবি।
- ব্যায়িত অর্থঃ ৮০১৬.৭৪ (লক্ষ টাকা)
- ব্যয়যোগ্য অর্থঃ ৪৭১৩৯.৫৩ (লক্ষ টাকা)
- প্রকল্পের আর্থিক অগ্রগতিঃ ১৪.৫৩%
- প্রকল্পের বাস্তব অগ্রগতিঃ ৪৫.০০% (প্রায়)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সিএমসি সভা, দূর্গাপুর, নেত্রকোণা।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সিএমসি সভা, পাইকগাছা, খুলনা।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে ক্লাব সদস্যদের নাস্তা প্রদান।

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে স্বাস্থ্য বিধি মেনে ক্লাব কার্যক্রম চলমান

৩। প্রকল্পের নামঃ ‘‘সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াইহাজার, মঠবাড়ীয়া উপজেলায় ট্রেনিং সেন্টার ও হোস্টেল নির্মাণ’’

প্রকল্প এলাকাঃ জেলা-নোয়াখালী, গাজীপুর, নারায়ণগঞ্জ, পিরোজপুর। উপজেলা- সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াইহাজার, মঠবাড়ীয়া

প্রকল্প পরিচালকের নাম, ফোন ও ই-মেইল নম্বরঃ
নামঃ মোঃ আবুল কাশেম, ফোনঃ ০২-৪৮৩১৩৫৮২, ০১৭১১৫৮৬০৬২ (মোবাইল), ই-মেইলঃ abulkashem812@gmail.com

বাস্তবায়ন কালঃ ক) শুরুঃ জুলাই’ ২০১৪ খ) সমাপ্তঃ জুন’ ২০২৩।
বাস্তবায়নকারী সংস্থাঃ মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
প্রকল্পের অর্থায়নঃ

মোট(লক্ষ টাকায়)	জিওবি (লক্ষ টাকায়)	প্রকল্প সাহায্য (লক্ষ টাকায়)	ক্রমপুঞ্জিবিত অগ্রগতি (শুরু থেকে জুন’২০২১ পর্যন্ত)			আর্থিক অগ্রগতি (জুলাই’২০২০- জুন’২০২১)			দাতা সংস্থার নাম
			মোট	আর্থিক	বাস্তব	মোট	আর্থিক	বাস্তব	
৫২৪৯.৭০	৫২৪৯.৭০	০	৪২৬২.১৯	৪২৬২.১৯	৮১.১৯%	৩২২.০৫	৩২২.০৫	৬.১৩%	

প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) দীর্ঘ মেয়াদী উদ্দেশ্যঃ

০১। বৃত্তিমূলক মহিলা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে অনগ্রসর নারীদের জীবনমান উন্নয়ন;

০২। নারীদের কর্মমূখী কাজে নানাবিধ সুযোগ সৃষ্টির মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিত করণ;
০৩। কর্মভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে চাকুরীতে প্রবেশের যোগ্য করে তোলা;
০৪। তৃণমূল নারীদের বিনামূল্যে বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ প্রদান;
০৫। স্ব-কর্মসংস্থান সৃষ্টি।

খ) স্বল্প মেয়াদী উদ্দেশ্যঃ

০১। প্রথম ৩য় বছরে প্রশিক্ষণ কাম-হোস্টেল ভবন নির্মাণ সম্পন্ন করা;
০২। বার্ষিক ৮০০ জন প্রশিক্ষণার্থী নারীদের নিরাপদ আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা;
০৩। অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা
০৪। প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের আত্মকর্মসংস্থান ও চাকুরী লাভে সহায়তা করা;

প্রকল্পের অধীন কার্যক্রমসমূহের অগ্রগতি (জুলাই'২০২০-জুন'২০২১):

ক্র: নং	কেন্দ্রের নাম	অগ্রগতি
০১।	শহীদ ময়েজউদ্দিন বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র	এপ্রিল'২০১৮ খ্রি. থেকে ৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। মার্চ'২০২০ পর্যন্ত ২টি ট্রেডে ৪৯৪ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছে।
০২।	আড়াইহাজার বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র	ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চালু করার সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। কোভিড পরিস্থিতি সরকারি সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণ বন্ধ করা হয়েছে।
০৩।	সোনাইমুড়ী বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র	
০৪।	মঠবাড়ীয়া বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র	

উপকারভোগীর সংখ্যাঃ

ক) ০৪ টি প্রশিক্ষণ কেন্দ্রে বছরে ৩ মাস মেয়াদী ৪ টি প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে; যার মাধ্যমে বার্ষিক (৫০ জন ০৪কেন্দ্র)=৮০০ জন হিসেবে ০৩ বছরে ২,৪০০ জন নারী প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে।

(খ) উপকারভোগীর সামাজিক/পারিবারিক/আর্থিক পরিবর্তন (প্রকল্প সমাপনান্তে):

- ✓ জাতীয় অর্থনৈতিক কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে;
- ✓ নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন হবে;
- ✓ কর্মসংস্থান সৃষ্টি হবে;
- ✓ অনগ্রসর নারী সমাজকে উন্নয়নের মূল শ্রোতধারায় সম্পৃক্তকরণের জন্য তৃণমূল নারীদের বিনামূল্যে বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ প্রদানের ফলে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে উঠবে। ফলে চাকুরীর বাজারে প্রবেশের সুযোগ পাবে।
- ✓ নারীদের কর্মমূখী কাজে নানাবিধ সুযোগ সৃষ্টির মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধি পাবে। ট্রেড-ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মক্ষেত্রে প্রবেশের যোগ্য হিসেবে গড়ে উঠবে।

প্রকল্প বাস্তবায়নে সমস্যা চ্যালেঞ্জ সমূহ:

- ✓ কোভিড-১৯ পরিস্থিতির কারনে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা পূরন চ্যালেঞ্জ।

সমস্যা মোকাবেলায় পদক্ষেপসমূহঃ

- ✓ স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;
- ✓ কেন্দ্র ভিত্তিক প্রতি কোর্সে আসন সংখ্যা বৃদ্ধি করে লক্ষ্যমাত্রা পূরণ।

প্রকল্প বাস্তবায়নকালীন ছবিঃ

সুই মেশিন ল্যাব

নির্মিত মঠবাড়ীয়া আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র

আড়াইহাজার বৃত্তিমূলক মহিলা প্রশিক্ষণ কেন্দ্র

৪। প্রকল্পের নামঃ ২০ টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প।

২	প্রকল্প ব্যয়	৫৯৮৮.৪৯৮ টাকা।
৩	অর্থের উৎস	বাংলাদেশ সরকার।
৪	প্রকল্পের অবস্থান	মোট ২০ টি শিশু দিবাযত্ন কেন্দ্র। ঢাকা মহানগরীতে ১০ টি: ধানমন্ডি, মতিঝিল, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, রায়েরবাজার, কারওয়ান বাজার, মুগদা, পল্লবী, সায়েদাবাদ, মহাখালী, আশুলিয়া। ঢাকার বাহিরে ১০ টি: রংপুর, গোপালগঞ্জ, গাজীপুর, কক্সবাজার, নওগাঁ, গাইবান্ধা, ভোলা, টাঙ্গাইল, নোয়াখালী, চাঁদপুর।
৫	বাস্তবায়নকাল	মার্চ ২০১৬ হতে ফেব্রুয়ারী ২০২২ পর্যন্ত।
৬	প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষমাত্রা	**লক্ষ্য:** কর্মজীবী নারীদের শিশুদের (৬মাস থেকে ৬ বছর) নিরাপদ দিবাকালীন সেবা প্রদান। সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ: ● কর্মজীবী নারীদের স্ব-স্ব কর্মস্থলে নিশ্চিন্তে কাজ করার সুযোগ দানের লক্ষ্যে তাদের ৬মাস থেকে ৬ বছর বয়সের শিশুদের দিবাকালীন সেবা প্রদান। ● দিবাযত্ন কেন্দ্রের শিশুদের যথাযথ শারীরিক, মানসিক ও সামাজিক বিকাশের জন্য সুষম খাবার, প্রাথমিক স্বাস্থ্য সেবা, প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদানসহ ইনডোর খেলাধুলা ও চিত্তবিনোদনের সুযোগদান।
৭	উপকারভোগী	মোট ১২০০ জন শিশু এবং সমসংখ্যক মা। তবে কোভিড-১৯ এর বর্তমান পরিস্থিতির কারণে শিশু দিবাযত্ন কেন্দ্র বন্ধ থাকায় কোন শিশুকে দিবাকালীন সেবা প্রদান করা সম্ভব হয়নি।
৮	২০২০ - ২০২১ অর্থ বছরের অগ্রগতি	● ২০২০-২০২১ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে ১০৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়। তন্মধ্যে ৭৩৫.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

কক্সবাজার ডে-কেয়ার সেন্টার

মুগদা ডে-কেয়ার সেন্টার

গাজীপুর ডে-কেয়ার সেন্টার

কক্সবাজার ডে-কেয়ার সেন্টার

৫। প্রকল্পের নামঃ "মাদারীপুর জেলার শিবচর উপজেলায় মহিলা প্রশিক্ষণ কেন্দ্র কাম হোস্টেল নির্মাণ" প্রকল্প

মন্ত্রণালয়/বিভাগ	:	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	:	মহিলা বিষয়ক অধিদপ্তর
প্রকল্প এলাকা	:	মাদারীপুর জেলার শিবচর উপজেলা।
বাস্তবায়নকাল	:	জুলাই/২০২০ – জুন/২০২২
প্রকল্পের মোট ব্যয়	:	১৮৫৭.৩৮ লক্ষ টাকা।
২০২০-২১ অর্থ বছরে সংশোধিত বরাদ্দ	:	৮৫.০০ লক্ষ টাকা
প্রকল্পের উদ্দেশ্য	:	● মাদারীপুর জেলার শিবচর উপজেলায় অনগ্রসর স্বল্প শিক্ষিত নারীদের আবাসিক প্রশিক্ষণের মাধ্যমে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হতে সহায়তা করা। ● কর্মজীবী নারীদের নিরাপদ হোস্টেল সুবিধা প্রদান করা। ● শিশুদের ডে-কেয়ার সেন্টার সুবিধা প্রদান করা।
প্রকল্পের মূল কার্যক্রম	:	০৬ তলা ভিতের উপর ০৬ তলা আধুনিক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রসহ হোস্টেল ভবণ এবং ডে-কেয়ার সেন্টার নির্মাণ।
উপকারভোগীর সংখ্যা (নির্মাণ শেষে)	:	প্রশিক্ষণ কেন্দ্র: ২৪০ জন প্রশিক্ষণার্থী। হোস্টেল: ৫৪ জন নারী। ডে-কেয়ার সেন্টার: ২৫ জন শিশু।
২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়ন অগ্রগতি	:	**আর্থিকঃ** ● ১৯.২৪ লক্ষ টাকা (২২.৬৪%) **বাস্তবঃ** ● প্রকল্প এলাকায় soil test সম্পন্ন হয়েছে। ● প্রকল্পের জমিতে বিদ্যমান গাছপালা অপসারণ করা হয়েছে। ● ভবন নির্মাণ দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে।

৬। প্রকল্পের শিরোনাম: নীলক্ষেত কর্মজীবী নতুন মহিলা হোস্টেল নির্মাণ এবং দেশের বিভিন্ন জেলায় বিদ্যমান কর্মজীবী মহিলা হোস্টেল সমূহের অধিকতর উন্নয়ন প্রকল্প।

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	: মহিলা ও শিশু বিষায়ক মন্ত্রণালয়।
বাস্তবায়নকারী সংস্থা	: মহিলা বিষায়ক অধিদপ্তর।
প্রকল্পরে উদ্দেশ্য	: অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অধিকহারে নিয়োজিত রাখার ক্ষেত্রে সাহায্য দানের জন্য স্বল্প খরচে নারীদের নিরাপদ আবাসনের ব্যবস্থা।
প্রকল্পের প্রাক্কালিত ব্যয় (লক্ষ টাকা)	: মূল ডিপিপিতে ব্যয় প্রক্কালন ৩৫৯৭.৪৮ লক্ষ টাকা এবং সংশোধিত ডিপিপিতে ব্যয় প্রাক্কলন-৩৬৬৯.৯৪ লক্ষ টাকা।
প্রকল্পের মেয়াদ	: জুলাই,২০১৭- জুন'২০২০ ডিপিপি সংশোধিনের পর সমাপ্তির মেয়াদ জুন ২০২২ সাল।

উপকারভোগী : নীলক্ষেত কর্মজীবী মহিলা হোস্টেল কম্পাউন্ডে ১০ তলা নতুন হোস্টেল ভবণ নির্মাণ করা হলে ২৪৫ জন কর্মজীবী নারী আবাসন সুবিধা পাবে এ ছাড়া রাজশাহী, চট্রগ্রাম, খুলনা এবং যশোরে বিদ্যমান হোস্টেলের অবকাঠামোগত সংস্কারের ফলে হোস্টেলে অবস্থানরত নারীদের আবাসনের মানগত উন্নয়ন হবে।

২০২০-২০২১ অর্থ বছরের অগ্রগতি : ২০২০-২০২১ অর্থ বছরে প্রকল্পরে অনুকূলে বরাদ্দ দেওয়া হয় ১২৯১.০০ লক্ষ টাকা এবং তন্মধ্যে ব্যয় হয় ১২৮৬.৩৬ লক্ষ টাকা।

প্রকল্পের আওতায় কার্যক্রমের অগ্রগতি :

(ক) নীলক্ষেতে নতুন দশতলা ভবণ নির্মাণ কাজ ৯০% সম্পন্ন হয়েছে।

(খ) চট্রগ্রাম, খুলনা, যশোর, রাজশাহী জেলায় বিদ্যমান কর্মজীবী হোস্টেল সমূহের অবকাঠামোগত সংস্কার কাজ সম্পন্ন হয়েছে।

(গ) প্রকল্পের আওতায় প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।

(ঘ) প্রকল্পের আওতায় প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় আদেশ প্রদান করা হয়েছে

(ঙ) জনবল নিয়োগ সম্পন্ন হয়েছে।

(চ) বিদ্যমান ০৪ টি হোস্টেল এবং নির্মাণাধীন হোস্টেলের জন্য ব্যবহার্য দ্রব্যদি ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।

৭। প্রকল্পের নামঃ মিরপুর ও খিলগাঁও কর্মজীবী মহিলা হোস্টেল ঊর্ধ্বমূখী সম্প্রসারণ প্রকল্প

প্রকল্পের নাম	প্রকল্পের মেয়াদ কাল	প্রকল্প এলাকা	প্রকল্পের মোট বরাদ্দ	২০২০-২১ অর্থ বছরের তথ্য			মন্তব্য
				বরাদ্দ	ব্যয়িত অর্থ	অব্যয়িত অর্থ	
